

# ANJALI



**Tokyo Durga Puja - 2003**



## Welcome aboard the never-ending Festival of India

Festivity. It's a way of life in India. On Air-India, a vital part of this panoramic feast is spread out for you. A touch of folk in the decor, music to soothe the soul, cuisine to satisfy the gourmet. Sari-clad hostesses with the gentle, caring touch. An unforgettable experience.

Festivity unending.  
Come, fly the festival.



### **AIR-INDIA**

The airline that treats you like a Maharajah

Please call :-

*for RESERVATION:: - 03-3508-0261 or 0262*

*for PASSENGER SALES :- 03-5157-5593*

*for CARGO SALES :- 03-5157-5595*



Anjali



যা দেবী সৰ্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা ।  
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমোনমঃ ॥

Durga Puja 2003  
Tokyo



1



Anjali

Message from the Ambassador of India  
in Japan



AMBASSADOR

भारत का राजदूतावास, टोकियो  
Embassy of India  
2-11, Kudan-Minami 2-chome  
Chiyoda-ku, TOKYO 102-0074  
Phone : (03) 3265-5036  
Fax : (03) 3262-2301  
E-Mail : indembjp@gol.com

September 10, 2003

**MESSAGE**

It is a great pleasure for me to address a message on the occasion of Durga Puja, which is being organized on the 5<sup>th</sup> October. Even though I will not be physically present in Japan at the time, I will be very much with you in spirit.

Swami Vivekananda, Gurudeva Tagore and eminent Bengali intellectuals over the last century or more have had a profound impact on the development of our relations with this country. In more modern times, Netaji Subhash Chandra Bose and in the post war years, Justice Radha Binod Pal had a lasting impact on the growth of friendship between our two ancient civilizations.


I wish the community the very best of luck, good health and happiness on this most auspicious occasion.

(Aftab Seth)

Durga Puja 2003  
Tokyo



2



## Durga Puja Program

- I. Puja..... 10:30 AM
- II. Anjali..... 12:00 PM
- III. Bhog..... 12:30 to 2:30 PM
- IV. Cultural Program..... 3:30 to 5:30 PM
- V. Arati ..... 6PM

5th of Oct 2003 at OTABUNKANOMORI Ota-Ku, Chuo 2-10-1

Tokyo 143-0024 Telephone: (03) 3772-0700

### Master of Ceremony: Rita Kar and Viswa Ghosh

<b>Stotra</b>	Dance performance by Subha Kokubo		
<b>Arghya Stotra</b>	Recitation by Samudra Dutta Gupta Chorus by Sanchita, Udita, Bhaswati & Viswa Ghosh		
<b>O Sona Bang</b> Choreography Rupa Ghosh Meeta Chanda	<b>Children's Dance by:</b> Cindy Kumar, Simrita Lodh, Nafisa Ahmed, Renee Ghosh, Siddharth Mukhopadhyay, Adrija Banerjee, Nishant Chanda		
<b>Felicitations</b> Co-ordinators Ranjan Gupta & Rita Kar	Felicitation of Prof. Nara and Prof Azuma, renowned Japanese Scholars, for their lifetime work, contribution and research on Bengali Language and Literature.		
<b>Khirer Putul</b> Directed by: Satarupa Banerjea	Children's Giti Natya based on children's story by famous Abanindra Nath Tagore.		
<b>Story:</b>	The scene starts with a grandfather surrounded by few children asking him to tell them a story. The story is about the king of Diknagar who had two queens 'Duo Rani' and 'Suo Rani'. King loved his youngest wife 'Suo Rani' more than 'Duo Rani'. He neglected 'Duo Rani' a lot. One fine day the king wanted to see the world and travel to far-off lands. From there he got presents for 'Suo Rani', but for 'Duo Rani', he only got a monkey. How the monkey changes the fate of 'Duo Rani' is the story of Khirer Putul.		
<b>Cast :</b>	<i>Raja</i> Galpa Dadu <i>Suo Rani</i> <i>Duo Rani</i> Bandor	Sarbik Banerjee Shoubhik Pal Monali Das Mimi Mallik Shreya Das	<i>Shishu</i> <i>Shishu</i> <i>Maa Shashthi</i> <i>Mantri</i> Rajputra Debika Mitra Sougata Mitra Proma Banerjee Tanishtha Roy Choudhury Amartya Mukherjee
<b>Sur-o-Chhanda</b> Co-ordinator Rita Kar	<i>A compilation of dances and songs based on folk culture and style from different parts of India portraying love, joy and celebration.</i> <i>Participating Artists: Subha Kokubo, Soma Chanda, Rupa Ghosh, Sunita Devdas, Soma Chaudhury, Alka Almoula, Dinisha Mukhi, Kirtana Tanuku, Papiya Banerjee, Shungo Fujiwara and young members - Proma, Namita, Nayana, Shalini, Ashna, Nisha and many more.....</i>		
<b>Shruti Natak</b>	Comedy play performed by Souvik Banerjea and Satarupa Banerjea Title: - ' <b>Haar Maana Haar</b> ', written by Banani Mukhopadhyay.		
<b>Rabindra Sangeet</b>	Bhaswati Ghosh		
<b>Cultural Programme Co-ordinator: Sanjib Chanda</b>			






## Contents

1.	<b>Message from the Ambassador of India</b>	<i>Page.... 2</i>
2.	<b>Durga Puja Program</b>	....3
3.	<b>Editor's Note</b>	....7
4.	<b>Bengali Section</b>	
	এবারের শারদ সপ্তর্ষনায় <i>by Ranjan Gupta &amp; Ruma Gupta</i>	....9
	(১). জাপানের শান্তিনিকেতন <i>an Interview with Prof. Kazuo Azuma by Guptas</i>	....9
	(২). মেঘাভু <i>an Interview with Prof. Tsuyoshi Nara by Guptas</i>	....15
	হায়াসঙ্গী <i>by Manjulika Hanari</i>	... 20
	বেদনাদায়ক প্রাতঃভ্রমণ <i>by Kazuhiro Watanabe</i>	... 26
	সেই ভয়ানক সন্ধ্যা <i>by Viswa Ranjan Ghosh</i>	.. 29
	চেতনার রং <i>by Satarupa Banerjee</i>	.. 30
	মোরে আরো আরো আরো দাগ প্রাণ .... <i>by Bhaswati Ghosh (Sengupta)</i>	.. 31
	'সৈয়দ মুজতবা আলী' & টাইফুন <i>by Seema Ghosh</i>	.. 33
	কবিতাশুষ্ক <i>by Karabi Mukherjee</i>	.. 34
5.	<b>Hindi Section</b>	
	पाँच सखी मिली ..... <i>by Vimalendu Pandey</i>	.. 37
	प्रसादजी का एक और संदेश <i>by Shyam Maheshwari</i>	.. 38
	ज़िन्दगी एक फर्ज़ <i>by Souvik Banerjee</i>	.. 39
6.	<b>Japanese Section</b>	
	昔からの言い伝え <i>by Sudeb Chattopadhyay</i>	... 41
	金色の蛇 <i>by Kōji Hanari</i>	... 43
	子連れインド留学体験から思うこと <i>by Akiko Kudo Rakkkūt</i>	... 45
	日本の結婚式にまつわる、ほんのちょっとしたお話 <i>by Miki Sarkar</i>	... 48
7.	<b>English Section</b>	
	<b>Durga Puja in Kashi</b> <i>by Swami Medhasananda</i>	... 51
	<b>India's Enduring Ties With Japan Through The Ages</b> <i>by Biren Nanda</i>	... 53
	<b>Amazing Mother Nature</b> <i>by Sushmita Pal</i>	.. 55
	<b>Experiments with the truth</b> <i>by Carolena Frausto Kundu</i>	... 58
	<b>Journey to Hell</b> <i>by Meeta Chanda</i>	... 61
	<b>Open Source Movement</b> <i>by Anirvan Mukherjee</i>	... 64
	<b>If Walls Could Talk</b> <i>by Sohini Kar</i>	.. 68
	<b>The Warmth Of It All</b> <i>by Sougata Mallik</i>	.. 69
	<b>From Being to Becoming</b> <i>by Sourav Kundu</i>	... 71
	<b>Reminiscences of Hawaii</b> <i>by Sulata Maheshwari</i>	.. 76
	<b>Shopping centers in Tokyo</b> <i>by Soumendu Mukhopadhyay</i>	... 78
	<b>Bamiyan Buddha in Japan ?</b> <i>by BN Pal</i>	... 81





## 8. Children's Section

### LITTLE ARTISTS OF TOKYO ...

**ARTISTS :-** Renee Ghosh, Adrija Banerjee, Simrita Lodhi, Nishant Chanda, Saptarshi Nath, Anik Nag, Shreya Das, Amartya Mukherjee, Chandreyee Basu  
আজকের ছোট্ট প্রতিভাদের উদ্দেশ্যে :- 'মেঘের কোলে কোলে' by Sougata Mallik Page... 85  
....88

### FROM THE BUDDING KIDS OF TOKYO ...

**I Love** by Monalisa Das (Age: 6 years, Grade: 1) ... 89  
**My Trip to Australia** by Aratrika Pan (Age: 6 years, Grade: 1) ...90  
**Drawing** by Tannistha Roychoudhury (Age: 6 years, Grade: 1) .. 91  
**Happiness** by Ilna Mitra (Age: 7 years, Grade: 2) .. 91  
**Summer Vacation in Phuket** by Ricky Das (Age: 8 years, Grade: 3) .. 92  
**A Day in Disneyland** by Sarbik Banerjee (Age: 9 years, Grade: 4) .. 93  
**Playing with the Clouds** by Mimi Mallik (Age: 9 years, Grade: 4) .. 93  
**Time Off** --- (Compiled by Sougata Mallik) .. 94  
**Our Heritage** by Proma Banerjee (Age: 10 years, Grade: 5) ...95  
**How to be a Tree** by Sarani Chatterjee (Age: 10 years, Grade: 5) .. 96

### LITTLE CHEFS' CORNER ...

**Today's Recipe** --- *The Tokyo Chocolate Cake* by Sougata Mallik .. 97

### FROM THE BUDDING KIDS OF TOKYO ... (contd...)

**Harry Potter Strikes Back!** by Shoubhik Pal (Age: 10 years, Grade: 6) .. 98  
**Bald Eagle** by Moon Panda (Age: 11 years, Grade: 6) ... 101  
**The Hunt For The A+ Test** by Reimi Dasdeb (Age: 11 years, Grade: 6) ...102  
**Young Stars** performing Lakshman Shaktishel Drama at 2002 Durga Puja ...104

### THE RISING TEENAGERS SPEAK ...

**In a Glass Case** by Sumon Chatterjee (Grade: 8) ... 105  
**Captivity** by Ritwik Ghosh (Grade: 8) ... 106  
**God** by Sambaran Chatterjee (Grade: 9) ... 106  
**Serenity** by Udit Ghosh (Grade: 9) ... 107  
**She Reached for the Stars and Went Beyond** by Priyadarshini Sinha (Grade: 11) ...108  
**Past Paradise** by Sanchita Ghosh (Grade: 11) ... 110

9. **Activities of Tokyo Bengali Community during 2002-2003** ... 112

## 10. Art Section

**Rajasthan In Tokyo** - by Soma Chanda ... 114  
**Waiting for his Prey** - by Mimi Dhar ... 114  
**Mount Fuji** - by Rita Kar ... 115  
**Designer sketch** - by Bhaswati ghosh ... 115  
**Two is company** - by Sanchita Ghosh ... 116  
**Glass** - by Udit Ghosh ... 116  
**Buddha in Meditation** - by Sushmita Pal ... 116

11. **Statement of Accounts** ....117

12. **Acknowledgements** ....119

13. **Bijaya Greetings** ....119

**PHOTO FEATURE :-** NETAJI, RENKOJI & TOKYO BENGALI COMMUNITY...Page-28&29

Cover Page Graphics designed by - Sushmita Pal

Durga Puja 2003  
Tokyo





Anjali

# No.1 TRAVEL

We go the extra mile for you

**AIR INDIA**

## INDIA

¥ 76,000~ (THU)

¥ 84,000~ (WED, SAT, SUN)  
(10/01~12/17)

\* CHILD FARE IS 75% USING AIR INDIA

**MALAYSIAN**

## INDIA

¥ 79,000~ (10/01~12/17)

**SINGAPORE**

## INDIA

(CHENNAI, HYDERABAD, COCHIN,  
KOLKATA, MUMBAI, NEW DELHI)  
(BANGALORE (From August 28, 2003))

¥ 116,000~ (10/01~12/17)

¥ 122,000~ (12/18~12/23)

## EUROPE

TRAVEL THE  
WORLD  
WITH  
NUMBER ONE  
TRAVEL!!

¥ 68,000~ (10/01~10/31)

¥ 64,000~ (11/1~11/18)

¥ 63,000~ (11/20~12/18)

## LOS ANGELES

¥ 41,800~ (10/01~10/13)

¥ 39,500~ (10/14~10/31)

¥ 38,500~ (11/01~12/11)

## VANCOUVER

¥ 56,000~ (10/01~10/31)

¥ 47,000~ (11/01~12/16)

## SYDNEY / BRISBANE

¥ 63,000~ (10/01~12/11)

¥ 73,000~ (12/12~12/18)

## SINGAPORE

¥ 29,000~ (10/01~12/18)

\* FOR OTHER DESTINAITONS PLEASE CALL !! WE ALSO DEAL IN DOMESTIC FLIGHTS WITHIN JAPAN !

### SHIBUYA OFFICE

Tel: 03-3770-1381

Fax: 03-3770-1382

Email: no1shb@alles.or.jp

### YOKOHAMA OFFICE

Tel: 045-322-1701

Fax: 045-322-2082

Email: no1yok@alles.or.jp

Durga Puja 2003  
Tokyo






Anjali

## Editor's Note

*Smiling blue sky, gentle breeze, warm sunshine and 'Kash' flowers in Sarat-kal (season of Autumn) tells, it is time for 'Durga Puja', one of the most important festivals of India.*

*The feeling of festivity (পূজার গন্ধ এসেছে) has spread all over the world today and here in Tokyo we are celebrating Durga Puja for fourteenth consecutive year.*

*Anjali the multilingual literary magazine is very much a part of this "Festival of Joy". On occasion of its eighth anniversary we pay our tribute to mother goddess through "Anjali" and sincerely pray to bring happiness and peace all over the world.*



Editors: - Sushmita Pal & Bhola Nath Pal

Durga Puja 2003  
Tokyo





Anjali



**Heartiest Greetings!**  
from

**THE NEW INDIA ASSURANCE CO. LTD**

ニュウインディア保険会社

(A Govt. Of India Undertaking)

インド国営の損害保険会社です。

***RATED 'A' (EXCELLENT) BY A.M. BEST CO.***

AM ベスト社から'A' (優秀) クラスの格付けを得ております。

**OVER 53 YEARS OF SUCCESSFUL OPERATIONS IN JAPAN**

日本の皆様から50年以上にわたりご愛顧、ご支援を頂いております。

**Regional Office:**

# 901, Marunouchi Mitsui Building  
2-2-2 Marunouchi  
Chiyoda-ku  
Tokyo 100 0005  
Phone # 03 3214 4711  
Fax # 03 3201 8045

**Branches at:**

Okayama # 086 225 0581  
Nagoya # 052 231 3411  
Osaka # 06 6262 5471  
Hiroshima # 082 243 7821  
Sapporo # 011 231 2081  
Himeji # 0792 85 0214  
Tokyo # 03 3214 4712

**Sub offices at Gifu, Fukuyama, Iwakuni, Shimonoseki, Otaru and Takigawa**

**CONTACT US FOR ALL YOUR INSURANCE NEEDS! PROTECT YOURSELF AND YOUR FAMILY TODAY!**

皆様のご要望に応えられるよう各種の損害保険を用意し、お待ちしております。

どうぞお気軽にご連絡ください。


***SPEEDY SETTLEMENTS!***

***SOLID SECURITY!***

*Durga Puja 2003*  
*Tokyo*



8



Anjali

## Bengali Section

### এবারের শারদ সন্মর্ধনায়

জীবনের অনেকটা সময় যাঁরা বাংলা ভাষা, রবীন্দ্র সাহিত্য অথবা ভারতীয় ভাষা চর্চায় নিয়োজিত থেকেছেন এবং বিবিধ উপায়ে দুই দেশের মধ্যে সাংস্কৃতিক সেতু বন্ধনে প্রয়াসী হয়েছেন, সেইরকম দুজন জাপানী জ্ঞানতাপসকে কৃতজ্ঞতা জানানোর উদ্দেশ্যে টোকিওর প্রবাসী ভারতীয় বাঙালী সমাজ এক সন্মর্ধনার আয়োজন করেছে। সেই সন্মর্ধনা উপলক্ষ্যে তাঁদের অমূল্য কীর্তির প্রতি আলোকপাত কোরে দুটি সাক্ষাৎকার ভিত্তিক প্রতিবেদন লিখেছেন :-

রঞ্জন গুপ্ত (গৌতম) এবং অজন্তা গুপ্ত (রমা)।

### জাপানের শান্তিনিকেতন

গ্রীষ্মের দুপুর। ঘরের বাইরে শোনা যাচ্ছে সেমিপোকার অবিশ্রান্ত কলতান। মনে হচ্ছে যেন হাজার হাজার পোকার কনসার্ট বসেছে। চারিদিকের সমস্ত আওয়াজ মিলিয়ে গিয়েছে সেই সুরের মূর্ছনায়। ঘরের মধ্যে কোথা থেকে ভেসে আসছে একটা হাল্কা ধূনোর গন্ধ। নিস্তন্ধতার আরেক রূপ।



আবিষ্ট মন গল্প শুনতে শুনতে কখন চলে গিয়েছে প্রায় ছয় দশক আগের কোনও এক দিনের ঘটনায়। ১৯৪৫-এর ১০ই মার্চ। এ যাবৎ বেশ সুখে শান্তিতে কাটছিল ছোটবেলার দিনগুলি। স্কুলের পড়াশুনার বাইরেও ছিল খেলাধুলো, নদীর ধারে বেড়ানো, গাছে ওঠা, মাছ ধরা, আরও কত কি। আচমকা বদলে গেল চোদ্দ বছরের বালক কাজুও আজুমার জীবন। আমেরিকার

Durga Puja 2003  
Tokyo





## Anjali


বোম্বারু বিমান সাড়েতিন ঘণ্টা একটানা বোম্বা বর্ষণ চালিয়ে যায় টোকিও এবং আশপাশের বিভিন্ন জায়গায়। টোকিওর শিতামাচি এলাকায় প্রতি চার জনের মধ্যে এক জন নিহত হন সেই পৈশাচিক ধ্বংসলীলায়। এক রাতে স্কুলের বন্ধুদের মধ্যে একশ থেকে দেড়শো জনের মৃত্যু হয়। টোকিও এবং আশপাশের শহরগুলি পরিণত হয় নরকে। ইয়োকোহামা শহর তখন দাবানলের মতো জ্বলছে, তার ভস্মাবশেষ হাওয়ায় উড়ে আসে টোকিও শহর পর্যন্ত। চোদ্দ বছরের বালককেও বেড়িয়ে পড়তে হয় মৃতদেহ উদ্ধারের কাজে, অথবা গ্রামাঞ্চল থেকে খাবারদাবার সংগ্রহ করার জন্য। স্কুল কলেজ পড়াশুনা সবই প্রায় বন্ধ। বেশ কিছুদিন ধরে চলে এই ভয়াবহ জীবন। ব্যাকুল হয়ে ওঠে বালক মন, ফিরে পেতে আগের স্বাভাবিক দিনগুলি। মনের সেই আর্তির মধ্যে জন্ম নেয় মৈত্রী ও বিশ্ব প্রেমের প্রতি গভীর ঔৎসুক্য। অধ্যাপক ডঃ কাজুও আজুমার পরবর্তী জীবনের গতি নিখারিত হওয়ার মূলে রয়েছে তাঁর সেই সময়কার মানসিক অবস্থা। এরপর উচ্চশিক্ষায় রত থাকার সময় আকস্মিকভাবে হাতে আসে রবীন্দ্রনাথের গীতাঞ্জলীর অনুবাদ। আশ্বাদ পান এক নতুন অনুভূতির -- বিশ্বপ্রেম, মৈত্রী এবং আত্মনিবেদনের এক গভীর প্রশান্তির। মনে জন্ম নেয় রবীন্দ্র অনুরাগ।

আগষ্ট মাসের একদিন দুপুরে অধ্যাপক কাজুও আজুমার ইচিকাওয়ার বাড়িতে গিয়ে উপস্থিত হয়েছিলাম পুরোনো দিনের কথা শুনতে। কিছুদিন হয় তাঁর শরীর ভাল যাচ্ছেনা। তবু হাসি মুখে ঘণ্টার পর ঘণ্টা আমাদের সঙ্গে গল্প করলেন। বসেছিলাম দোতলার ঘরে। ওপর নীচ মিলিয়ে অজস্র বই। বাংলা, সংস্কৃত, ইংরাজী, ও জার্মান ভাষা সহ বিভিন্ন ভাষার। রবীন্দ্রনাথের বই-এর সমাবেশ তার মধ্যে সবচেয়ে বেশী। ‘রবীন্দ্রনাথ রচিত এবং তাঁর সম্বন্ধে লেখা যত বই আজ পর্যন্ত প্রকাশিত হয়েছে, সবই সংগ্রহ করার চেষ্টা করেছি’, জানালেন শ্রী আজুমা।

ততক্ষণে আমাদের মনে তাঁর রবীন্দ্রপ্রেম এবং বাংলা চর্চার বিশদ ইতিহাস জানার কৌতুহল শুরু হয়েছে। সেই প্রশ্নের উত্তরে তিনি জানালেন, ‘জার্মান ভাষা এবং ভারতীয় দর্শনে আমি M.A. পাশ করি। জার্মান ভাষায় B.A. পড়ার সময় Herman Hesse- এর সিদ্ধার্থ শিরোণামের একটি প্রবন্ধ ছিল আমার থিসিসের মূল বিষয়। তখনই শাক্যমুনি সম্পর্কে আরও জানার আগ্রহ হয় এবং ভারতীয় দর্শন নিয়ে পড়ার সিদ্ধান্ত নিই। সে সময় আকস্মিকভাবে রবীন্দ্রনাথের গীতাঞ্জলীর একটি অনুবাদ আমার হাতে আসে। গীতাঞ্জলী পড়ার পর রবীন্দ্রনাথের লেখা সম্পর্কে আগ্রহ বাড়তে শুরু করে। পড়ে ফেলি ডাকঘর এবং রঙকরবী। তবে কোনওটাই বাংলা ভাষায় পড়িনি বলে পূর্ণ রসাস্বাদন করতে পারছিলাম না। সেকথা শুনে ভারততত্ত্ববিদ হাজিমে নাকামুরা আমাকে মূল বাংলায় রবীন্দ্রনাথ পড়ার উপদেশ দেন। তখন জাপানে বাংলা শেখার তেমন সুযোগ ছিলনা, তবু চেষ্টার ত্রুটি রাখিনি। শরণাপন্ন হই বাংলা ও সংস্কৃতসহ বহু ভাষায় পারদর্শী প্রবীণ জাপানী পণ্ডিত সোকো ওয়াতানাবের। তাঁর কাছেই আমার বাংলার হাতেখড়ি হয়। মূল ভাষায় রবীন্দ্রনাথের রচনা পড়ার আকর্ষণই আমাকে তাড়াতাড়ি বাংলা শিখে নেওয়ার উদ্দীপনা জুগিয়েছে।’

অধ্যাপক আজুমার কাছে জানতে চেয়েছিলাম, গোড়ার দিকে রবীন্দ্রনাথের যেসব লেখা পড়ে ছেন সেগুলোর মধ্যে কোন লেখা তাঁকে সবচেয়ে বেশি প্রভাবিত করেছে? এক মুহূর্ত ভেবে উত্তর





Anjali

দেন, 'নৈবেদ্য। ঐ কবিতাটি আমার খুব ভাল লেগেছিল। রবীন্দ্রনাথের কবিতা এবং গানের আবেগ আমাকে মুগ্ধ করে। মুগ্ধ করে সেই গান এবং কবিতার ছন্দ। প্রচীনকালের ছন্দ, সাধারণ মানুষের ছন্দ, সাঁওতালির ছন্দ, পাশ্চাত্যের ছন্দ এইসব নানারকম ছন্দ মিলিয়ে সবসময় নতুন কিছু সৃষ্টি করেছেন। পুরোনো ভেঙে তারই মধ্যে থেকে আবার নতুনকে সৃষ্টি করেছেন। কখনো খেমে থাকেননি। এরকম বেশী দেখা যায় না।' বাংলায় রবীন্দ্র-রচনাবলীর সবকটি খণ্ড বহুবার পড়ে ফেলা সত্ত্বেও আবার সমস্তটা পড়ার ইচ্ছা পোষণ করেন ৭২ বছর বয়সী অধ্যাপক আজুমা।

ডঃ সোকো ওয়াতানাবের কাছে বাংলা শেখার সময় শ্রী আজুমার অন্তরঙ্গতা হয় সহপাঠিনী কেইকোর সাথে। কেইকো তখন ভারতীয় দর্শনের ছাত্রী, রবীন্দ্রসাহিত্য তাঁর গবেষণার বিষয়বস্তু। দুজনের রবীন্দ্রপ্রেম শেষপর্যন্ত বিবাহের মধ্য দিয়ে পরিণতি লাভ করে। রবীন্দ্রনাথকে কেন্দ্র করে আবর্তিত হতে থাকে তাঁদের পারিবারিক জীবন। সমমনস্ক স্বামী স্ত্রী একত্রে ব্রতী হন এক পুণ্য ব্রতে - রবীন্দ্রনাথের বিশ্ব প্রেমের বাণী, তাঁর ভাবাদর্শকে আরো অনেক জাপানীর কাছে পৌঁছে দেওয়ার।



আজকের শ্রী ও শ্রীমতী আজুমা

১৯৬১ সালে শ্রী আজুমা ইয়োকোহামা জাতীয় বিশ্ববিদ্যালয়ে জার্মান ভাষার অধ্যাপনা শুরু করেন। কিন্তু তখনও তিনি রবীন্দ্রনাথ নিয়ে পড়াশুনা অব্যাহত রাখেন এবং অন্যান্য লেখালেখির পাশাপাশি চণ্ডালিকা, মুক্তধারা এবং নটীর পূজা সম্পর্কে জাপানীতে প্রবন্ধ রচনা করেন। ১৯৬৭ সালে সুযোগ আসে বিশ্বভারতীতে জাপানী ভাষার অধ্যাপনা করার। একই সাথে জার্মানীতে গিয়ে অধ্যাপনার সুযোগও আসে। মুখোমুখি হন কঠিন সিদ্ধান্তের। জার্মানীতে অধ্যাপনার সুযোগ নিঃসন্দেহে বিশ্বভারতীতে অধ্যাপনার সুযোগের চেয়ে অনেক বেশী লোভনীয় ছিল। বিশ্বভারতীতে অত্যন্ত সাধারণ মাইনের চাকরি, তার উপর তখন ছিল পশিমবঙ্গে রাজনৈতিক অশান্তি ও নিরাপত্তার অভাব। কিন্তু আজুমা দম্পতি নির্দিষ্টায় এসব সমস্যা উপেক্ষা করে বিশ্বভারতীর আমন্ত্রণে সাড়া দেন। শুধু তাই নয়, ইয়োকোহামা জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাওয়া ছুটি উত্তীর্ণ হয়ে যাওয়ার পরও শ্রী আজুমা বিশ্বভারতী থেকে ফেরার তাগিদ বোধ করেননি। ফলে ইয়োকোহামা জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকরিটি হারাতে হয়।

Durga Puja 2003  
Tokyo






মন্ত্রমুগ্ধের মতো শুনছিলাম কথাগুলো। কখন যে শ্রীমতী আজুমা উঠে গিয়ে আমাদের জন্য তরমুজ কেটে নিয়ে এসেছেন খেয়াল করিনি। টেবিলে প্লেট সাজাতে সাজাতে মিষ্টি হেসে বললেন, ‘তখন পশ্চিমবঙ্গে নক্সাল আন্দোলন চলছে। চতুর্দিকে খুব অশান্তি ঠিকই, তবু আমি কিন্তু মেয়েকে সাইকেলে বসিয়ে ভুবনডাঙ্গায় রোজ বাজার করতে যেতাম।’ সায় দিয়ে মাথা নাড়লেন শ্রী আজুমা। বললেন, ‘তখন আন্দোলন চলছে প্রবলভাবে, ছাত্ররা আসতে পারতো না, ক্লাস হোত না, অথচ সময়মতো বেতন পেতাম। বড় অস্বস্তি হোত সেই বেতন নিতে।’

শান্তিনিকেতনে থাকাকালীন শ্রী আজুমা ব্যাপকভাবে পল্লীঅঞ্চল ভ্রমণ করেন। গ্রামের লোকের আতিথেয়তা এবং আন্তরিকতায় মুগ্ধ শ্রী আজুমা তখনকার অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে বলেন, ‘গ্রামে খুব ঘুরেছি, খুব ভাল লাগে। কষ্ট কোরে হলেও মিষ্টি এনে খাওয়ায়। সবাই চট্ কোরে ভাই বলে সম্বোধন করে, জাপানে যা কেউ করেনা। যখনই গ্রামে গিয়েছি লোকজন আমার কাছে নেতাজী সুভাষ বোস সম্পর্কে জানতে চেয়েছে।’

শ্রী আজুমার কথা শুনতে শুনতে মনে হচ্ছিল সবই যেন ভগবানের সুপরিষ্কৃত। জাপান ও ভারতের মধ্যে মৈত্রীর সম্পর্ক স্থাপন এবং বজায় রাখার ধারাবাহিক প্রচেষ্টা বছদিনের। শ্রী আজুমা সেই ধারারই একজন সুযোগ্য বাহক। তিনি শান্তিনিকেতনে যাওয়ার এক বছরের মধ্যে জাপানের প্রখ্যাত সাহিত্যিক ইয়াসুনোরি কাওয়াবাতা সাহিত্যে নোবেল পুরস্কার পান। শ্রী আজুমা কাওয়াবাতাকে বাঙালী পাঠকের সঙ্গে পরিচয় করিয়ে দিতে উদ্যোগী হন। বিশ্বভারতীর অধ্যাপক ডঃ অমিত্রসুদন ভট্টাচার্যের সহযোগিতায় ‘প্রাচ্য ঔপন্যাসিক কাওয়াবাতা’ শীর্ষক বাংলা ভাষায় লেখা একটি রচনা বাঙালীদের উপহার দেন। তাঁর এই লেখাটি পড়ে মুগ্ধ হয়ে দেশ পত্রিকার তৎকালীন সম্পাদক শ্রী সাগরময় ঘোষ তাঁকে অনুরোধ করেন কাওয়াবাতার অপ্কাশিত কোনও লেখা বাংলাতে অনুবাদ করতে। সেই অনুরোধে সাড়া দিয়ে শ্রী আজুমা কাওয়াবাতার উপন্যাস ‘নিজি’র অনুবাদ করেন এবং তা দেশ পত্রিকার ১৯৬৯ সালের জুন সংখ্যা থেকে ‘ইন্দ্রধনু’ নামে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। এরপর চলতে থাকে বাংলা এবং জাপানীতে অজস্র লেখালেখি। একাধারে যেমন বাঙালীদের উপহার দেন জাপান - ভারত সাংস্কৃতিক বিনিময় নিয়ে লেখা, তেমনি অপরদিকে জাপানীদের উপহার দেন বাংলা সাহিত্য, ভারতীয় সংস্কৃতি ইত্যাদি নিয়ে লেখা। রবীন্দ্রনাথ যেসব জাপানীর সংস্পর্শে এসেছিলেন তাঁদের সম্পর্কে নানাবিধ গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে পুস্তকাকারে প্রকাশিত করেন। যেমন, রবীন্দ্রনাথের বিশ্বভারতী-শিজুএ ইরের চোখে, রবীন্দ্রনাথ ও তিন জাপানী মহিলা, রবীন্দ্রনাথ ও কেনজি মিয়াযাওয়া ইত্যাদি। ১৯৭১ সালে জাপানে ফিরে এসে শ্রী আজুমা গড়ে তোলেন ভারত - জাপান রবীন্দ্র সমিতি। সেসময় তিনি ওয়াসেদা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করছিলেন, তারপর ৎসুকুবা বিশ্ববিদ্যালয়ে, এখন অধ্যাপনা করছেন রেইতাকু বিশ্ববিদ্যালয়ে। তবে সব কিছুকে ছাপিয়ে গিয়েছে তাঁর রবীন্দ্রচর্চা। অধিকাংশ সময় তাতেই ব্যয় হয়। অসুস্থতা সত্ত্বেও এখনও তিনি গীতাঞ্জলীর কবিতাগুলোর ছন্দ বিশ্লেষণের কাজ করছেন।

১৯৭১ সালে দেশে ফিরে আবার সেবছরই শ্রী আজুমা ছাত্রছাত্রীদের নিয়ে দল বেঁধে শান্তিনিকেতন যান। তারপর থেকে ২০০২ সাল পর্যন্ত প্রতিবছর এতবার করে শান্তিনিকেতন





গিয়েছেন যে অনেকে মনে করতেন শ্রী আজুমা শান্তিনিকেতনেরই বাসিন্দা, মাঝে মাঝে জাপানে ফেরেন। গত ১ বছর স্বাস্থ্য বাদ সেধেছে বলে যাওয়া হয় নি। মন খারাপ করে বললেন, ‘শান্তিনিকেতনে যেতে পারছি না, তাই বড় দুঃখ হয়। ইচ্ছা ছিল শেষ জীবন ওখানেই কাটাতে।’ একই কথার প্রতিধ্বনি করলেন শ্রীমতী আজুমাও।

রবীন্দ্রনাথ ও রবীন্দ্ররচনা নিয়ে বাংলা, ইংরাজী ও জাপানীতে শ্রী আজুমার লেখা বই, নিবন্ধ, ও অনুবাদের সংখ্যা এত বেশী যে সীমিত পরিসরে সেগুলোর এমনকি শুধুমাত্র তালিকা প্রকাশ করাও সম্ভব না। রবীন্দ্রনাথের চিন্তাধারার ওপর লেখা তাঁর একটি বই জাপানী ভাষায় রবীন্দ্র বিষয়ক আকরগ্রন্থ হিসেবে স্বীকৃতি পেয়েছে। তাঁরই পরিকল্পনায় রবীন্দ্র-রচনাবলীর ১২ টি খণ্ড মূল বাংলা থেকে জাপানী ভাষায় অনূদিত হয়ে প্রকাশিত হয়েছে। সম্পাদকমঞ্জুলীতে তিনি ছাড়া ছিলেন আরও তিনজন। এরমধ্যে ‘গোরা’ গল্পটি তাঁর নিজস্ব অনুবাদ। রবীন্দ্রনাথকে জাপানে আরও পরিচিত করে তোলার জন্য শ্রী আজুমার যে অক্লান্ত প্রচেষ্টা, রবীন্দ্র রচনাবলী অনুবাদের বিশাল কর্মকাণ্ড তার অন্যতম পরিচয়বাহী।


একা একজনের পক্ষে সৃজনধর্মী এত কাজ কি করে করা সম্ভব? এই প্রশ্নের উত্তরে শ্রী আজুমা হেসে বললেন, ‘পাঁচ বছর আগে পর্যন্ত দিনে চার ঘণ্টার বেশী ঘুমাইনি। তাও তো কত কাজ করা এখনো বাকি। মাঝেমাঝে ভাবি এতগুলো বছর করলাম কি?’

শ্রী আজুমার শরীর ইদানিং কিছুটা ভেঙে গেলেও একসময় প্রচণ্ড প্রাণশক্তি অধিকারী ছিলেন। ‘এককালে আমি এগারো সেকেন্ডে একশ মিটার দৌড়াতে পারতাম। সাইকেলে কোরে চিবা থেকে ঝসুকুবা, নারিতা, শিবুইয়া পর্যন্ত চলে যেতাম’ - বলছিলেন শ্রী আজুমা।

শ্রী আজুমার দুর্দান্ত কর্মশক্তি, দৃঢ়সংকল্পবোধ, সর্বোপরি রবীন্দ্রভক্তির আরেক দৃষ্টান্ত শান্তিনিকেতনের নিগ্নন ভবন। প্রখ্যাত জাপানী সংস্কৃত বিশারদ এবং ভারততত্ত্ববিদ ঝসুকুবা বিয়াদো শান্তিনিকেতনে গিয়েছিলেন ১৯৩৩ সালে। এক বছর পর তাঁর দেশে ফেরার প্রাক্কালে স্বয়ং রবীন্দ্রনাথ তাঁকে চীনা ভবনের মতো শান্তিনিকেতনে জাপান ভবন তৈরির চেষ্টা করতে বলেন। প্রায় ৬০ বছর পর গুরুদেবের সেই স্বপ্ন বাস্তবায়িত হয় শ্রী আজুমার নেতৃত্বে। ১৯৯৪ সালের তেসরা ফেব্রুয়ারী শান্তিনিকেতনে নিগ্নন ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন হয়। আমাদের আশা, জাপান ভারত সাংস্কৃতিক বিনিময়ের ক্ষেত্রে ভবিষ্যতে নিগ্নন ভবন একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠবে। কাজটি করার জন্য শ্রী আজুমা যে ধৈর্য, নিষ্ঠা এবং আন্তরিকতার পরিচয় দিয়েছেন, সংশ্লিষ্ট এবং প্রত্যক্ষদর্শী সবাই আজও তা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন।

কথা বলতে বলতে বার বার চোখ চলে যাচ্ছিল ঘরের এক কোণে রাখা একটি মানপত্রের দিকে। কাছে যেতেই বুঝলাম এটি হোল এতদিনের অবদানের জন্য শ্রী আজুমাকে বিশ্বভারতীর দেওয়া সর্বোত্তম স্বীকৃতি। দেশিকোত্তম উপাধি। ২০০০ সালে বিশ্বভারতী শ্রী আজুমাকে দেশিকোত্তম উপাধি প্রদান করে সম্মানিত করেছে। আমাদের মুগ্ধ দৃষ্টিতে মানপত্রটির দিকে তাকিয়ে থাকতে দেখে তিনি বলে উঠলেন, ‘এ মণিহার আমার নাহি সাজে।’ অবাক হয়ে ভাবলাম জ্ঞান





## Anjali

ও পাণ্ডিত্য কতখানি গভীর হলে মানুষ এতটা নিরহঙ্কারী হয়। এর বেশ কয়েকবছর আগে তিনি কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ও নতন দিল্লীর লালবাহাদুর শাস্ত্রী রাষ্ট্রীয় সংস্কৃত বিদ্যাপীঠম থেকে সন্মানসূচক ডি.লিট উপাধি এবং কলকাতার টেগোর রিসার্চ ইনস্টিটিউট থেকে রবীন্দ্রতত্ত্বাচার্য উপাধিতে ভূষিত হন। কিন্তু সে সব কথার উল্লেখ করতেও যেন কুণ্ঠা তাঁর।

নিরহঙ্কার এবং বিনয়ের সাথে শ্রী আজুমার চরিত্রে এসে যুক্ত হয়েছে শিশুর সারল্য ও রসিকতাবোধ। বয়সের ভার এবং অসুস্থতা সত্ত্বেও মনটি এখনও নবীন যুবকের মতোই রয়েছে। কথায় কথায় রসিকতা করে পরিবেশ হাঙ্কা করে তুলতে তাঁর জুড়ি নেই। বহু বাঙালীর মতো তিনিও রবীন্দ্রভক্ত, রসিক এবং রসগোল্লা খেতে ভালবাসেন। ভালবাসেন পেঁয়াজ, সরষের তেল আর শশা দিয়ে মাখা মুড়ি খেতে, খুঁটি পাঞ্জাবি পরতে, খোলামেলা কথা বলতে। বাংলা ভাষা, সংস্কৃতি এবং রবীন্দ্রনাথকে কেন্দ্র কোরে অজস্র সৃষ্টিশীল কাজ তাঁকে বাঙালীর কাছাকাছি এনেছে, তারপর স্বভাবের মিষ্টতার জোরে স্থান কোরে নিয়েছেন বাঙালীর একেবারে অন্তরে। তাইতো শান্তিনিকেতনের বিশিষ্ট বাসিন্দা এবং প্রবীণ শিক্ষাবিদদের কেউ বলেন শ্রী আজুমা অবাঙালী বাঙালী। কেউ বলেন, ওকে আমার জাপানী বলতে ইচ্ছা করেনা, বাঙালী বলতে ইচ্ছা করে।

শ্রী আজুমা নিজে বলেন, ‘ আরও বাঙালী হব। খারাপ হোক ভাল হোক আমি যেন আগামী জন্মে বাঙালী হয়ে জন্মাই। ’


শ্রী আজুমার বাড়িতে যাওয়ার অল্পক্ষণের মধ্যেই মনে হয়েছিল বৃষ্টি শান্তিনিকেতনে এসেছি। এর কারণ ওই বাড়ির আবহ, ওই বাড়ির সব জায়গায় রবীন্দ্রনাথের উপস্থিতি। কথাবার্তা, কাজকর্ম, চিন্তাভাবনা, পড়াশুনা সর্বত্র রবীন্দ্রনাথ। রবীন্দ্রনাথের মানবতা, মৈত্রী ও ভ্রাতৃত্বের প্রতিফলন ঘটেছে আজুমা দম্পতির ঘরোয়া এবং আন্তরিক ব্যবহারের মধ্যেও। অধ্যাপক আজুমার আরোগ্য কামনা করে ফিরে আসার সময় ভেবেছি সুযোগ পেলে আবারও বেড়াতে আসবো জাপানের এই শান্তিনিকেতনে। III

### শান্তিনিকেতনে শ্রী আজুমা



Durga Puja 2003  
Tokyo





## দেযাভ্যু

১৯৫৮ সালের অক্টোবর। দেবীপঙ্কের সপ্তমীর দিন। কলকাতা বন্দরে গিয়ে পৌঁছাল বৃটিশ ইন্ডিয়া কম্পানীর এ্যাঙ্গোলা নামের একটি যাত্রীবাহী - মালবাহী জাহাজ। যাত্রীদের মধ্যে দুজন ভারতীয়, একজন বর্মী আর কয়েকজন বৃটিশ ছাড়াও ছিলেন একজন জাপানী যুবক। জাহাজটি অপ্রত্যাশিত কারণে রেঞ্জুনে একদিন কম থাকার দরুন নিখারিত সময়ের আগেই কলকাতা বন্দরে পৌঁছে যায়। ফলে যাত্রীদের নিতে যাওয়ার জন্য আত্মীয়স্বজন বন্ধুবান্ধব কেউই সেদিন উপস্থিত ছিলেন না। নতুন জায়গায় হঠাৎ ওই অবস্থায় পড়ে জাপানী যুবক স্বাভাবিকভাবেই একটু বিভ্রান্ত বোধ করেন। একা তাঁর পক্ষে গন্তব্যস্থল পর্যন্ত যাওয়া সম্ভব নয়। ওই জাহাজের এক বাঙালী সহযাত্রীর সাথে টোকিও থেকেই তাঁর পরিচয় ছিল। তিনিই শিয়ালদহের কাছে এক বন্ধুর বাড়িতে তাঁর রাতটুকু কাটানোর ব্যবস্থা করে দেন।

এইভাবেই ডঃ ত্‌সুয়োশী নারার প্রথম ভারত সফর শুরু হয়েছিল। সেবার ছিলেন একটানা সাড়ে পাঁচ বছর। তারপর থেকে প্রতিবছরই যান এক বা একাধিকবার।

শ্রী নারার প্রধান পরিচয় - তিনি ভাষাতত্ত্ববিদ। ভাষাই তাঁর অধ্যাপনা এবং গবেষণার বিষয়। টোকিওর নামকরা কয়েকটি বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন অধ্যাপনার পর সম্প্রতি অবসর নিয়েছেন। তবে ভাষা নিয়ে গবেষণায় ছেদ পড়েনি। প্রথমবার ভারত যাওয়ার অন্যতম উদ্দেশ্য ছিল ইন্দোআর্য ভাষা নিয়ে গবেষণা করা। ইন্দোআর্য ভাষার মধ্যে রয়েছে বাংলা, অসমীয়া, ওড়িয়া, হিন্দি, মারাঠি, সিন্ধি, গুজরাতি, পাঞ্জাবি, কাশ্মীরি ইত্যাদি ভাষা। তখন কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভাষাতত্ত্ব বিভাগের অধ্যক্ষ ছিলেন ভারতের বিখ্যাত ভাষাতত্ত্ববিদ খয়রা অধ্যাপক ডঃ সুকুমার সেন। তাঁরই কাছে শ্রী নারা গবেষণা শুরু করেন। ডঃ সেন তাঁর একটি বই ‘দিনের পরে দিন যে গেল’-তে শ্রী নারা সম্পর্কে লিখেছেন, ‘জাপানে থেকে ইনি সংস্কৃতের সঙ্গে বাংলাও শিখেছেন। এখানে এসেছেন সেই শিক্ষাকে দৃঢ়মূল ও প্রবর্ধিত করতে। তাই ইনি আমার কাছে বাংলা ভাষাতত্ত্বের পাঠ নিতে লাগলেন আর অবহট্ঠ দোঁহা পড়তে লাগলেন। ..... ছোট নারা ( এঁকে আমরা বলতুম ছোট নারা ) পি এইচ ডি রেজিষ্টারে নাম লেখালেন। যথাকালে ডিগ্রী পেলেন। ..... ছোট নারা বাংলা খুব ভাল শিখেছিলেন, .....। আমাকে মাঝেমাঝে কবিতা লিখে পাঠাতেন ...’।



With Prof. Dr. Sukumar Sen (sitting in the center) at his residence in 1960. Sitting right to Prof. Sen is Prof. Tsuyoshi Nara. Also in the picture – Prof. Y. Nara, ex. President of Komazawa University





## Anjali

তখন থেকেই শ্রী নারা ভারত ও জাপানের মধ্যে মৈত্রীর সেতু বন্ধনের কাজে প্রয়াসী হয়েছেন। পদ্মশুনার পাশাপাশি তখন তিনি কলকাতায় জাপানী কনসুলেট জেনারেল এবং পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত জাপানী ভাষা শিক্ষা কেন্দ্রে শিক্ষকতা করতেন।

ভারতের সাথে শ্রী নারার সম্পর্কের অর্ধশত বার্ষিকী পূর্ণ হবে আর কয়েক বছরের মধ্যেই। এখন ভারতের অনেক কিছুই আর তাঁর অজানা নয়। কিন্তু গোড়ার দিকে পদে পদে বিস্ময় অপেক্ষা করতো। কলকাতা শহরের ফুটপাথে লোকজনকে শুয়ে থাকতে দেখে তিনি আতঙ্কিত হয়ে উঠেছিলেন প্রথমদিন। এদের হোল কি? অসুস্থ, নাকি মৃত? দুটোর কোনোটাই যে নয় এবং ফুটপাথে শোয়া ছাড়া এ শহরের কিছু লোকজনের যে গত্যন্তর নেই, তা অবশ্য অল্পসময়ের মধ্যেই জেনে গিয়েছিলেন। তবু প্রথম দর্শনে চমকে ওঠার সেই স্মৃতি আজও তাঁর রয়ে গিয়েছে। আগেই বলেছি শ্রী নারার কলকাতায় প্রথম পদার্পণ দুর্গাপূজার সময়। চতুর্দিকে পূজার ধুম। দুর্গা প্রতিমার সাজসজ্জায় অভিভূত হলেও একটি ব্যাপার বড় অদ্ভুত লেগেছিল তাঁর। জগদজননী দুর্গার হাতে অস্ত্র কেন? কেনইবা তিনি সেই অস্ত্র অন্যের ওপর প্রয়োগ করছেন?

৪৫ বছর পর এখন শ্রী নারা হেসে হেসে এই গল্প করেন। কারণ দেবীর রণচক্ৰী মূর্তি ধারণের প্রেক্ষাপট আর তাঁর অজানা নেই। টোকিওতে শ্রী নারার ফ্ল্যাটবাড়িতে গেলে দেখতে পাওয়া যাবে ঘর জোড়া ঠাকুরের আসন। নিজে শিষ্টো ধর্মে বিশ্বাসী হয়েও সর্বধর্মের সমন্বয় ঘটিয়েছেন।

ধর্ম শ্রী নারার জীবনের আনেকটাই জুড়ে রয়েছে, যার মূল ভিত্তি তাঁর শৈশবেই গড়ে ওঠে। তাঁর মা ছিলেন অত্যন্ত ধর্মপ্রাণা এবং অলৌকিক ক্ষমতার অধিকারিনী। মায়ের বিরাট প্রভাব পড়েছে তাঁর ওপর। প্রথমবার ভারত যাওয়ার আরেকটি উদ্দেশ্যেও ছিল তাঁর, বৌদ্ধধর্ম নিয়ে গবেষণা করা। কিন্তু কলকাতায় এই নিয়ে কাজের তেমন সুযোগ না পেয়ে মনোনিবেশ করেন হিন্দু ধর্মে। তখন তিনি থাকতেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনে, পরে কিছুদিন ছিলেন কলকাতার গোলপার্ক রামকৃষ্ণ মিশন কালচারাল সেন্টারে। এই দুই জায়গায় থাকার ফলে ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব সম্পর্কে জানার প্রচুর সুযোগ তাঁর হয়। ঠাকুরের শিক্ষাবলী, বিশেষ কোরে সব ধর্মের মধ্যে সমন্বয় সাধনের শিক্ষাটি তাঁর মনে এমন গভীর দাগ কাটে যে এক পর্যায়ে তিনি রামকৃষ্ণমিশনে দীক্ষা গ্রহণের কথাও ভেবেছিলেন।



Prof. Nara is seen standing in front of the guesthouse of Ramakrishna Mission Ashram at Narendrapur in 1960





Anjali

হিন্দু ধর্মকে অধ্যাপক নারা ঠাকুর শ্রীরামকৃষ্ণের বাণী ও শিক্ষার মধ্যে দিয়েই চিনেছেন। আজও রামকৃষ্ণ মিশন তাঁর জীবনের সাথে ওতোপ্রোতভাবে জড়িয়ে আছে। কামাকুরার কাছে যুশিতে অবস্থিত বেদান্ত সোসাইটির উৎসব-অনুষ্ঠানে তাঁর সক্রিয় অংশগ্রহণের কথা আমরা সকলেই জানি। প্রথমবার ভারত সফর শেষ কোরে ১৯৬৪ সালে দেশে ফিরে আসার আগে সে বছরই মে মাসে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টোরেট ডিগ্রী লাভ করেন। ডঃ সুকুমার সেন, জাতীয় অধ্যাপক ডঃ সুনীতি কুমার চ্যাটার্জী, অধ্যাপক ডঃ সত্যেন বোস সহ কলকাতার নামকরা কয়েকজন শিক্ষাবিদকে তিনি খুব কাছ থেকে দেখার সুযোগ পেয়েছিলেন। তাঁদের অগাধ পাণ্ডিত্যের কথা আজও শ্রী নারা শ্রদ্ধাভরে স্মরণ করেন, ‘ওদের স্মরণ শক্তি দেখে অবাধ হয়ে যেতাম। যা পড়তেন সব মনে থাকতো। জিঙ্গেস করলে বই না দেখেই সব বলে দিতে পারতেন। এইরকম মেধা ও পাণ্ডিত্য খুব বেশী চোখে পড়েনা।’

অল্পদিনের মধ্যেই কলকাতার জীবনযাত্রার সঙ্গে অভ্যস্ত হয়ে উঠেছিলেন শ্রী নারা। বিশ্ববিদ্যালয়ে যাতায়াত করতেন ভীড়বাসে। খাওয়াদাওয়া, পোশাক আশাকের ব্যাপারেও অনেকটাই বাঙালী হয়ে উঠেছিলেন। নিয়মিত খুতি বা পাজামা পাঞ্জাবি পরতেন। কথা




Prof. Nara in dhuti during his all India pilgrimage in 1961. This picture was taken when he was visiting Kerala.

বলতেন বাঙলায়। ‘প্রথম প্রথম কলকাতার বন্ধুরা আমার বাঙলা শুনে হাসতো। কারণ তখন আমি সাধু ভাষায় কথা বলতাম, যাইতে হইবে, করিতে হইবে ইত্যাদি। বর্ণপরিচয়ের বই থেকে যেভাবে শিখেছি ঠিক সেইভাবে বলার চেষ্টা করতাম। ধীরে ধীরে চলিত ভাষা রপ্ত হোল।’ বলছিলেন শ্রী নারা। ভারত এবং ভারতীয়দের সম্পর্কে গভীর শ্রদ্ধাবোধের জন্ম তাঁর তখন থেকেই। তখনই বহু গণ্যমান্য ব্যক্তির সংস্পর্শে তিনি এসেছেন। তাঁদের ব্যক্তিত্ব ও পাণ্ডিত্যের বিরাট প্রভাব থাকলেও সাধারণ মানুষ যে শ্রী নারাকে কম প্রভাবিত করেছে তা নয়। ভারতের সাধারণ মানুষের অকৃত্রিম ও আন্তরিক ব্যবহারেও তিনি মুগ্ধ হয়েছেন।

এখন শ্রী নারা ভারতে গিয়ে একনাগাড়ে বেশীদিন না থাকলেও, যান প্রতিবছরই, মূলত ভাষা সংক্রান্ত কাজে। ইন্দোআর্য ভাষার পর তিনি দ্রাবিড় ভাষায় মনোনিবেশ করেন। টোকিও বিদেশী ভাষা বিশ্ববিদ্যালয় (দীর্ঘদিন শ্রী নারা যেখানে অধ্যাপনা করেছেন) এবং ম্যাড্রাস বিশ্ববিদ্যালয়ের হাতে নেওয়া যৌথ গবেষণা প্রকল্প শুরু হওয়ার পর ১৯৭৯ সাল থেকে যাতায়াত শুরু হয় তামিলনাড়ুতে। তিনি বলছিলেন, ‘দক্ষিণে যাতায়াত শুরু করার পর উপলব্ধি করলাম ভারত সম্পর্কে জানতে হলে আরও অনেকটা পথ পাড়ি দিতে হবে। উত্তর দিক সম্বন্ধে ততদিনে কিছু

Durga Puja 2003  
Tokyo






## Anjali

ধারণা হয়েছে, কিন্তু দক্ষিণে গিয়ে দেখি সবকিছুই আলাদা। বুঝলাম এই বিশাল দেশ এতই বৈচিত্র্যপূর্ণ যে কোনও একটি জায়গার ওপর গবেষণা কেন্দ্রীভূত রেখে সব জেনে ফেলার দাবি করা যায়না। তামিলনাড়ুর একটি গ্রামে তখন আমি ছিলাম বছর দুয়েক। ১ হাজার লোকের ছোট্ট গ্রাম হলে কি হবে সেখানেই চারটি ভাষা প্রচলিত। এমনকি দুজন গ্রামবাসী জাপানী ভাষাও জানেন। আমি যাওয়ার পর সংখ্যাটি বেড়ে তিন হোল, ' হাসতে হাসতে বলেন শ্রী নারা।

দক্ষিণ ভারতে গিয়ে শ্রী নারা তামিল, তেলেগু আর কন্নড় ভাষা শেখেন। তারপর মুণ্ডা, সাঁওতালী, খাসি ও কর্ক ভাষা যে ভাগের অন্তর্ভুক্ত সেই অস্ট্রোএশিয়াটিক এবং হিমালয় অঞ্চলে প্রচলিত তিব্বত - বর্মী ভাষা ( যেমন গুর্খা ) নিয়ে কাজ করেন। কাজ করেন আন্দামান দ্বীপপুঞ্জে প্রচলিত চারটি ভাষা নিয়েও। ভারতীয় ভাষা ও সংস্কৃতির ওপর শ্রী নারার লেখা বই এবং গবেষণাপত্রের সংখ্যা অনেক, যেগুলোর মধ্যে Avahattha & Comparative Vocabulary of New Indo-Aryan শিরোনামের বইটি বিশেষভাবে উল্লেখযোগ্য। ৭০ বছর বয়সী শ্রী নারা বর্তমানে Multilingual Dictionary বা বহু ভাষার অভিধান রচনায় ব্যস্ত রয়েছেন। ভারতের সরকারিভাবে স্বীকৃত ১৮টি ভাষা এবং জাপানী ভাষা, মোট ১৯টি ভাষার এই কম্পিউটার-অভিধানের আরেক নাম Machine Readable Dictionary.

ভারতের লুপ্তপ্রায় বিপন্ন ভাষা (Endangered Language) নিয়ে তিনি কাজ করছেন গত তিন বছর যাবৎ। নীলগিরি অঞ্চলের লুপ্তপ্রায় টোডা ভাষাকে বাঁচিয়ে রাখার জন্য কঠোর পরিশ্রম করছেন। এছাড়াও রয়েছে ভারতীয় ভাষার অক্ষর নিয়ে গবেষণার কাজ। এসব অক্ষরের জন্ম এবং বিবর্তনের ইতিহাস নথিবদ্ধ করছেন। এরই সূত্র ধরে মনিপুরি ভাষার নিজস্ব অক্ষরের পুনর্জন্ম ও পূর্নব্যবহার শুরু হয়েছে এবং প্রতিষ্ঠা পেতে চলেছে অর্চিকি অক্ষর ( এটি ঝাড়খন্ডের নিজস্ব, নতুন সৃষ্টি হয়েছে )।




Prof. Nara also learned the deep routed culture of India by touring all corners of India. Here he is seen standing in front of India's Pride-Tajmahal

শ্রী নারার কাজের তালিকা শুনতে শুনতে যখন ভাবছি এত ঋণ আমরা ভারতীয়রা শোধ করবো কি করে,ঠিক তখনই তিনি বলে উঠলেন, 'এইভাবে জাপান ও ভারতের মধ্যে সম্পর্ক বাড়ানোর চেষ্টা করছি, কেননা আমার অনেক ঋণ আছে ভারতের কাছে, বিশেষ কোরে রামকৃষ্ণ মিশনের কাছে। সেখানকার দর্শন ও শিক্ষা আমার ধ্যানধারণা দৃষ্টিভঙ্গি সব বদলে দিয়েছে। খুব উপকৃত হয়েছি। তাই ভারতের জন্য কিছু করতে পারলে আমার তৃপ্তি হয়।'

Durga Puja 2003  
Tokyo






## Anjali

এই প্রতিবেদনটি লেখার রসদ সংগ্রহ করার জন্য মাস দুয়েক আগে একদিন শ্রী নারার বাড়িতে গিয়েছিলাম। সেদিন তাঁর কথা শুনতে শুনতে বার বার মনে হয়েছে যেন নিজেরই কোনও স্বজাতির মুখে নিজের দেশের কথাই শুনছি। এর একমাত্র কারণ ভারত সম্পর্কে শ্রী নারার গভীর মমত্ববোধ যা তাঁর প্রতিটি কথার মধ্যে দিয়ে কখনও প্রত্যক্ষ কখনও বা পরোক্ষভাবে ফুটে উঠেছে। নইলে কেউ বলতে পারেন, ‘ভারতের খারাপ দেখলে আমার ভীষণ কষ্ট হয়। জাপান আমার মাতৃভূমি হলেও ভারত যে পিতৃভূমি। নিজেকে আমি ইন্দো-জাপানীজ বলে পরিচয় দেই।’

ভারতের সাথে শ্রী নারার এই যে একাত্মতা, এটি ভাষা এবং ধর্মের সূত্র ধরে সময়ের সাথে ক্রমশ গভীরতর হয়েছে সন্দেহ নেই, কিন্তু এর বীজ তাঁর অন্তরে না জানি কোন জন্ম জন্মান্তরে বপণ হয়েছিল। প্রথম ভারত সফরের প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনায় তিনি যা বলেন, ফরাসীতে এককথায় তার একটি প্রতিশব্দ আছে - দেয়াভু (déjà vu)। শ্রী নারা বলেন, ‘আপনাদের দেশে পা দিয়েই মনে হয়েছিল এজায়গায় আমি আগেও এসেছি। এই লোকজন, এই পরিবেশ আমার অচেনা নয়, এর মধ্যে আমি আগেও কখনও ছিলাম।’ III



ধন্যবাদ রুমাডি এবং  
গৌতমদা - আমাদের এত  
সুন্দর দুটি সাক্ষাৎকার  
প্রতিবেদন উপহার দেওয়ার  
জন্য। - এডিটর




### With Best Compliments From Sangjogonline

- Sangjogonline is a group of professionals, driven by humanitarian passion, whose mission is to bring together families separated by distances and to form the crucial link between them - thereby creating 'SANGJOG'.
- We are doctors, lawyers, engineers, accountants, and contractors located in and around Kolkata and are ready to serve your near and dear ones back home.
- We have similar backgrounds and share common values. That is why we understand how much your family means to you and your commitments to them when you are living far away..
- Our service encompasses medical, legal, social, and various maintenance help to name a few.

To know more about us please visit <http://www.sangjogonline.com> or call us at +91-33-2431-0611

Durga Puja 2003  
Tokyo






## ছায়াসঙ্গী মঞ্জুলিকা হানারি

ছাত বারান্দার এক কোণে আনমনে সামনের দিকে তাকিয়ে বসেছিল মালশ্রী। শেষরাতের হাওয়ায় সামান্য শীতের ছোঁওয়া। নিব্বুম নিখর ঘুমে স্তব্ধচারিদিক। অনাবিল শান্তির আঁচল বিছিয়ে ক্লান্ত বিশ্বকে নিজের বুকে পরম আদরে জড়িয়ে রেখেছেন প্রকৃতি। ভোর হতে কিছু দেৱী আছে। আকাশে এখনও তারার ঝিকিমিকি। তারা দেখলেই দাদামণির কথা মনে পড়ে যায় তার। রাতের বেলা ছাতে মাদুর পেতে শুয়ে তাকে তারা চেনাতেন। তাই সে চেনে সপ্তর্ষি, কালপুরুষের প্রতিটি তারাকে। চেনে আরো অনেক তারা। হঠাৎই মালশ্রীর মনে হোল তাদের ছোটবেলায় আকাশে কত তারা দেখা যেতো। তারায় তারায় ঠাসা আকাশে তিলমাত্র যায়গা থাকতো না। হঠাৎ একটা হিমেল হাওয়ার পরশে শিউরে উঠে সচেতন হয় সে। শালটাকে ভাল করে জড়িয়ে নিয়ে আকাশের দিকে তাকিয়ে দেখে শুকতারাকে সঙ্গী করে চাঁদ ধীরে ধীরে এগিয়ে চলেছে অস্ত্রাচলের দিকে। অন্যদিন হলে এসময়টাকে প্রাণভরে উপভোগ করতো সে। এধরণের পরিবেশ বড়প্রিয় তার। প্রকৃতির এই শান্ত সমাহিত রূপকে নিজের মতন করে উপভোগ করার জন্যে অনেক সময়ই সে তাদের ছাত বারান্দায় চলে আসে। কিন্তু আজ তার সে মন নেই। রাতে বিছনায় শুয়ে শুখই ছটফট করেছে। ঘুমোতে পারেনি। শেষপর্যন্ত বিছানা ছেড়ে ঘরের বাইরে তার প্রিয় যায়গাটিতে চলে এসেছে। শেষরাতের এই শান্ত স্তব্ধতার মাঝে বসে নিজেকে শান্ত করতে চায় সে। গতক'দিন ধরে টিভিতে ইরাকের যুদ্ধের নানা খবরের সঙ্গে দেখাচ্ছে সাধারণ মানুষের দুর্দশার ছবি। দেখাচ্ছে হাসপাতালে অসহায় আহত শিশুদের আর সেইসঙ্গে বড়দেরও। চোখ বুজলেই সেই সব শিশুদের ব্যথা কাতর করণ মুখ তার মনের পর্দায় ভেসে উঠেছে। কিছুতেই ভুলতে পারছেন না সে। মানসিক বেদনায় অস্থির হয়ে উঠেছে সে। এ শুখ ইরাকের যুদ্ধের বেলাতেই নয়। যখনই পৃথিবীর কোথাও কোন রকম গুণ্ডগোল বাধে আর সে খবর নানা দৃশ্যের সঙ্গে টিভিতে দেখায় তখনই শুরু হয়ে যায় তার মানসিক অশান্তি। এবারও এ ভয়টা ছিল বলে শুখ খবরের কাগজের খবরের মাঝেই নিজেকে আবদ্ধ রাখার চেষ্টা করেছে প্রথমদিকে। এড়িয়ে চলার চেষ্টা করেছে টিভি। কিন্তু সে আর কতদিন এড়ানো সম্ভব? একরকম অনিচ্ছা সত্ত্বেও সে সব দৃশ্য তার চোখে পড়েছে। আর সেই সঙ্গে তার রাতের ঘুমও ছুটেছে। এসব দৃশ্য দেখার পরই জেগে ওঠে তার মনের গভীর অতলে ঘুমিয়ে থাকা ক্ষত। যা সে ভুলে যেতে চায় কিন্তু পারেনা। জীবনের শেষদিন পর্যন্ত বোধহয় এ দুঃস্বপ্ন তার সঙ্গী হয়ে থাকবে। একথা সেকথা তার মনকে তোলপাড় করে তোলে। স্মৃতির বাঁধ ভেঙ্গে বেরিয়ে আসতে চায় সব ঘটনা একই সঙ্গে। মন তাকে প্রথমে টেনে নিয়ে যায় ছোটবেলার সেই আনন্দভরা দিনগুলিতে। ছোটবেলার কিছুটা তার কেটেছে লাহোরে। লাহোর থেকে একসময় বাবা বদলি হলেন করাচীতে। তার ভাই মল্লারের জন্ম সেখানে। করাচীতে বছর দুই থাকার পর কয়েকটা শহর অল্পদিনের জন্যে ঘুরে তারা পৌঁছায় সিন্ধহায়দ্রাবাদে। এখানেই প্রথম শহর থেকে দূরে খোলামেলা সুন্দর যায়গায় তারা ছিল। মূল শহর থেকে মাইল দশেক দূরে রেলের কলোনী নিয়ে ছোটখাটো এক শহর। আসলে ঠিক শহর নয় অথচ গ্রামও নয় মাঝমাঝি একটা কিছু। নামটা আজ আর মনে পড়েনা। রেললাইনের একদিকের অনেকটা যায়গা জুড়ে রেল কলোনী। তার একধারে অফিসারদের জন্যে ছোট বাগান ঘেরা দোতলা বাড়ী। আর মাঝখানে বিরাট একটা





## Anjali

মাঠ রেখে অন্যথারে অন্যান্য কর্মীদের জন্যে একতলা বাড়ী। সামনে একটু করে খোলা যায়গা। রেললাইন মাঝখানে রেখে অপর পারে স্থানীয় লোকেদের বসবাস। কলোনীর জন্যেই শহরের কিছু সুখ সুবিধা সেখানে পাওয়া যেত। স্থানীয় বাজার বসতো সপ্তাহে দুদিন। গ্রামের লোকেরা ক্ষেতের তরিতরকারী, ফুল - ফল বিক্রী করতো। মাছ মাংসের জন্যে রেল কম্পানীর দোকান ছিল। তাতে মোটামুটি সবকিছুই পাওয়া যেত। আরও ভাল কিছু পেতে হলে সেই শহরে যাওয়া ছাড়া উপায় ছিলনা।

মালশ্রীর মনে আছে এখানে এসে সে খুব খুশী হয়েছিল। স্কুলের বুট ঝামেলা নেই। কারণ ছোটবাচ্চাদের জন্যে কোন স্কুলই ছিল না। আর অনেক বন্ধু আগে সব শহরেই সে স্কুলে ভর্তি হয়েছে আর ভাল করে বন্ধুহবার আগেই আবার বদলী - আবার নতুন স্কুল। একটুও ভাল লাগতোনা তার। এখানে সকালবেলাটা যা একটু পড়াশোনা মা'র কাছে। তারপর তো বন্ধুদের সঙ্গে খেলা, খেলা আর খেলা। মনে পড়েবন্ধুদের সঙ্গে টেন লাইনে গিয়ে পাথর কুড়িয়ে এনে খেলতো তারা। টেন লাইনে যাবার সময়টা ঠিক করা ছিল। অন্যসময় যাওয়া বারণ তার ধারে কাছে। আবার বিকেলের দিকে স্থানীয় মহিলাদের তন্দুরী রুটি করা দেখতে যাওয়াটাও একটা নেশার মতন ছিল। তাঁরাও আদর করে বসাতেন ওদের। কখনও কিছু খেতে দিতেন। আর ওরা অবাক হয়ে দেখতো কি অনায়াসে আর চটপট শ'য়ে শ'য়ে রুটি বানিয়ে ফেলতেন ওঁরা। অনেকেই ওঁদের কাছ থেকে রুটি কিনতেন। সে নিজেও কতদিন কিনে নিয়ে গেছে মা'র কথা মতন। কতইবা বয়স ছিল মালশ্রীর তখন। সব কিছুই আবছা আবছা মনে আছে। আবার কিছু কিছু ঘটনা বেশ স্পষ্ট। একজনের কথা তার খুব মনে পড়ে। তিনি পাশের বাড়ীর আণ্ডিজী। পরে বড় হয়ে মা'র কাছে জেনেছে ওঁর নাম ছিল কল্পনা গোলকনাথ। ওঁর স্বামী মিঃ সুরেশ গোলকনাথ ছিলেন তার বাবার বস। ভীষণ ভালবাসতেন দুজনেই ওদের দুটি ভাইবোনকে। নিঃসন্তান মহিলা তাঁর স্নেহ ভালবাসা উজাড় করে দিয়েছিলেন ওদের উপরে। মা-ও বাদ ছিলেননা তার থেকে। মা'র থেকে বেশ কিছুটা বড় ছিলেন বয়সে। মা তাই ওঁরই অনুরোধে ডাকতেন দিদি বলে। আর বাবা ডাকতেন ভাবীজী বলে। তিনি ছিলেন ওদের পরিবারের অভিভাবিকা মতন। সব দায়িত্ব নিজের থেকেই কাঁধে তুলে নিয়েছিলেন। আর তা এত সহজ ব্যবহারে যে কারুর কিছু বলার অপেক্ষা রাখেনি। সারাটা দিন তার কেটে যেত কিছুটা বন্ধুদের সঙ্গে আর বাকীটা আণ্ডিজীর কাছে। কত আন্দারইনা তিনি রেখেছেন তার। কান্নাকাটি শুনলেই আণ্ডিজী ছুটে এসে তা কে উদ্ধার করতেন। মা'কে বকতেন। তারপর কোলে করে নিজের বাড়ীতে নিয়ে যেতেন। মা মনে মনে হয়তো ক্ষুণ্ণ হতেন কিন্তু মুখে কিছু বলতেন না। আসলে মা-ও আণ্ডিজীকে ভীষণ ভালবাসতেন, শ্রদ্ধাও করতেন। নিজের অজান্তে অনেকটা নির্ভর করতে শুরু করেছিলেন। তবু মা হয়তো কখনও বলতেন দিদি, আপনি আদর দিয়ে ওকে মাথায় তুলছেন। একটা কথা শোনেনা। কিছু বললেই আপনার কাছে ছোট্টে নালিশ করতে। উত্তরে আনিটিজী গম্ভীর হয়ে বলতেন আরে বহেন, তুমি খালি আমাকে আদর দিতেই দেখ। শাসনও তো করি। মা চোখ কপালে তুলে অবাক হয়ে বলতেন শাসন? আপনি? সে আবার কবে? আমলান বদনে আণ্ডিজীর উত্তর - সে আমি তোমার সামনে করিনা যদি দুঃখ পাও। হাজার হোক আমি তো পর। তবে আমার বাড়ীতে আমি ওকে খুব শাসনে রাখি। বিশ্বাস না হয় তো এসে দেখতে পার। ওঁর কথার ধরণে মা হেসে ফেলতেন। এরপর আর কি বলবেন! বেশ






## Anjali

কাটছিল দিনগুলি। ওদিকে আকাশে মেঘ জমতে শুরু করেছে ততদিনে। চারদিকে কেমন একটা থমথমে ভাব। বড়রা চিন্তিত হয়ে পড়েছেন। অত যে হাসিখশী আণ্ডিজী তাঁর মুখেও চিন্তার ছাপ। ভাল করে কিছু না বুঝলেও মালশ্রী পরিবর্তনটা টের পায়। কিন্তু তার প্রশ্নের উত্তর কেউ দেয়না। এরপর থেকে সে প্রায়ই দেখতো অফিসার্স কোয়াটারের কারুর না কারুর বাড়ীতে বড়রা সব এক হয়ে নীচ গলায় কি সব আলোচনা করছেন। তারপর একদিন অনেক রাতে ঘুম ভেঙ্গে দেখে সারা কলোনীর মানুষ জুটেছে তাদের বাড়ীর সামনের খোলা যায়গাটাতে। সেখানেই মাটিতে বসে পড়ে আণ্ডিজীদের বাড়ীর রেডিওটাকে বাইরে টেনে এনে সকলে খবর শুনছে। গরমকাল বলে বাচ্চারা সব হয় বারান্দায় নয়তো বাগানে খাটিয়াতে শুয়ে ঘুমোচ্ছে। এত লোকের আনাগোনা ফিস্‌ফিস্‌ কথাবার্তা, রেডিওর আওয়াজ সব মিলে মালশ্রীর ঘুম ভেঙ্গে যায়। বিছানায় উঠে বসে সব কিছুর বোঝার চেষ্টা করছে যখন তখনই সকলে উত্তেজিত হয়ে চোঁচিয়ে ওঠে,  
- আজাদী আ গয়া, জয়হিন্দ।

আনন্দের চোটে সব কোলাকুলি করছে। তারপরেই খেয়াল হয়েছে দেশ ভাগ হয়ে গেছে হিন্দুস্তান আর পাকিস্তান। তখনও কেউ জানেনা কপালে কি আছে। পরের দিনটাও সকাল থেকে জটলা করে কাটলো সকলের। নানান গুজব ছড়িয়ে লোকের দুশ্চিন্তা আরও বাড়াচ্ছে। শহর থেকে দূরে বলে সব খবর ঠিকমতন আসছে না। অতএব বাবা সহ কয়েকজন দায়িত্বশীল অফিসার শহরে ছুটলেন সঠিক খবর জানার জন্যে। বাকীরা রয়ে গেলেন আর সবদিক সামাল দিতে। সেই সকালে বেরিয়ে সন্ধ্যার সময় বাবারা ফিরলেন চিন্তিত মুখে খারাপ খবর নিয়ে - সিন্ধ হায়দ্রাবাদ পাকিস্তানে পড়েছে। শোনা যাচ্ছে রায়ট লেগেছে। যে করেই হোক এখান থেকে পালাতে হবে আর তা আজকেই। ভাবনা চিন্তার সময় নেই। প্রয়োজনীয় কিছু জিনিষপত্র গুছিয়ে নিয়ে রাত থাকতেই বেরিয়ে পড়তে হবে। ভোর হবার আগেই বেরিয়ে পড়তে হবে। ভোর হবার আগেই এ যায়গা ছড়তে হবে। রাত আড়াইটার সময় স্টেশন থেকে মাইল খানেক দূরে একটা টেন অপেক্ষা করবে। আথঘণ্টা পরে তিনটের সময় তা ছেড়ে দেবে। সময়ে না এলে ফেলে রেখে যেতে হবে। আর একটা কথা, সব যেন নিঃশব্দে হয়। কলোনীর বাইরের লোকেরা যেন কিছু টের না পায়। পরে বড় হয়ে মা'র কাছে তখনকার সব কথা শুনেছে মালশ্রী। জেনেছিল সাবধানতার কারণ। স্থানীয় লোকেরা বেশীর ভাগই ছিলেন মুসলমান। যদিও তাঁদের সঙ্গে কলোনীর লোকেদের কোন রকম ঝগড়া বা গুণ্ডগোল ছিলনা। তবু সাবধানের মার নেই। সেদিন রাতে ছোটদের ঘুম পাড়িয়ে শুরু হয়ে গেছে যাত্রার তোড়জোড়। না হলে নয় এমন জিনিষ ছাড়া সব ফেলে রেখে যেতে হবে। শেষপর্যন্ত নিরাপদে ভারতে পৌঁছনো যাবে কিনা জানা নেই। তবু যেতে তো হবেই। এখানে থাকাটাও যে বিপদের। মাঝরাতে বাচ্চাদের টেনে তুলে জামাকাপড় পরিয়ে শুরুহোল যাত্রা। আণ্ডিজী এসে ছোঁমেরে মালশ্রীকে কোলে তুলে নিলেন। মার কোলে ভাই আর বাবার হাতে তাদের জিনিষপত্র। বাচ্চারা সব হকচকিয়ে চুপ - ঘুমের রেশ কাটেনি তখনও। নিঃশব্দে দুরুদুরু বুকে সকলে চলেছে এতদিনের পরিচিত সব কিছু ফেলে রেখে। দেখতে দেখতে সকলেই পৌঁছে গেল নির্দিষ্ট জায়গায় সময়ের বেশ কিছু আগে। ট্রেনটা সবে এসে দাঁড়িয়েছে। মাত্র তিনটি বগীর বেশী ব্যবস্থা করা যায়নি। যেভাবেই হোক এতেই সকলকে উঠতে হবে। যে যার পরিবার নিয়ে উঠে পড়লো। অত লোকের তুলনায় যায়গা কম। কিন্তু উপায় নেই। মুড়ির টিন ঝাঁকি দিলে যেমন সব ঠিকমতন চেপে বসে যায় ঠিক





## Anjali

তেমনি ট্রেন চলতে শুরু করতেই সব মানুষগুলি যেন খাপে খাপে বসে গেল। তাতে দমবন্ধ অবস্থাটা একটু কমলো। রাতের অন্ধকারে ট্রেন ছুটে চলেছে। বাচ্চারা আবার ঘুমে ঢলে পড়েছে। কিন্তু বড়দের চোখে ঘুম নেই। অনিশ্চয়তা, নানান দুশ্চিন্তা তাদের দিশাহারা করে ফেলেছে। এ পর্যন্ত অবস্থা শান্ত। এরপরে কপালে কি আছে কে জানে? ট্রেনটা হঠাৎই একটা স্টেশনে দাঁড়াতে সকলে চকিত হয়ে উঠলো। তখন ও ভোর হয়নি। শোনা গেল আর ও দুটো বগী সঙ্গে জোড়া লাগবে আর তাতে অন্যান্য জায়গার হিন্দুরা থাকবেন। বগী জোড়া লাগার পর ট্রেন আবার চললো লক্ষ্যের দিকে। দুদিন দু রাত অবিশ্রাম ছোট্টার পরে একটা ছোট্টো স্টেশনে এসে দাঁড়ালো একটু দম নেবার জন্য। এ পর্যন্ত কোন ঘটনা বা দুর্ঘটনা ছাড়াই ট্রেন ছুটেছে। কিন্তু আবার চলতে শুরু করার পরেই আন্তে আন্তে গত কদিনের স্বাভাবিক দৃশ্যের বদল শুরু হোল। দেখা গেল গ্রামের পর গ্রাম জ্বলছে। কোথাও তখনো গাছের সঙ্গে বাঁধা গরু ছাড়া পাবার জন্য ছট্ফট করছে। কোথাও বা কুকুর বেড়াল দিশাহারা হয়ে ছুটোছুটি করছে। কিন্তু মানুষের দেখা নেই। এরই মধ্যে মাঝপথে হঠাৎ ট্রেন থেমে যায়। সকলে সন্ত্রস্ত হয়ে ওঠে। রব উঠলো মুসলমানরা দল বেঁধে আসছে হামলা চালাতে। ছোট্টোরা না বুঝে ভয়ে কান্না জুড়লো। বড়দের মুখ শুকনো, চোখে ভয়। কিন্তু দেখা গেল মুসলমানেরা নয় হিন্দুর দল বেরিয়েছে মুসলমান নিখনে। হাফ ছাড়ল সকলে। ধর্মান্বেদনা মানুষকে পশুতে রূপান্তরিত করেছে যেন। এদিকে ট্রেন থামার লক্ষণ নেই কোনও। ছোট ছোট কয়েকটা জায়গায় থেমে আরও দু রাত দু দিন পরে ট্রেন এসে দাঁড়াল যোধপুরে। সকলে যেন প্রাণ পেল। সেই কবে ট্রেন-এ উঠেছে। তারপর কতদিন কেটে গেছে তার হিসাব নেই - পাঁচদিন, ছ'দিন, সাতদিন? নাকি আরও বেশী? যোধপুরে ভাল করে স্নান - খাওয়া আর নিশ্চিন্ত ঘুমের পরে পরদিন দুপুরে আবার ট্রেন। এবার লক্ষ্য দিল্লী। দিল্লী যদিও আর বেশী দূরের পথ নয় তবু দেশের যা অবস্থা তাতে আরও কদিন লাগবে কেউ জানেনা। তবে ভারতে পৌঁছে যাওয়ায় সকলেরই অনেকটা হাল্কা মেজাজ। কিন্তু মাঝপথে এলো আবার দুঃসংবাদ। দিল্লীতে রায়ট শুরু হওয়ায় সাত দিনের কার্য চলছে তা মোকাবিলার জন্য। তাহলে কি হবে? এগিয়ে এলেন ভারত সেবাশ্রম সংঘ। রেওয়াড়িতে তাঁদের সংঘের বাড়িতে থাকা খাওয়ার ব্যবস্থা করলেন ওঁরা। ছোট্ট তিনতলা বাড়িটা যেন উপছে পড়লো এত লোকে। আলাদা ঘর দূরের কথা জায়গা নিয়ে টানাটানি অবস্থা। সকলের ভাগে পড়ল একটা করে শতরঞ্চি আর তা পেতে শোওয়ার মত জায়গা। গরমকাল বলে ঘর ছাড়াও উঠোন- বারান্দা-ছাতেও থাকার ব্যবস্থা। মালশ্রীদের জায়গা হয়েছিল ছাতে। আর্গিটজীরাও পাশেই। একদিক দিয়ে ভাল। রাতে ছাতে শোওয়াটা ঘরের ভিতরের তুলনায় আরামের ছিল। সে কী অবস্থা। জলের কষ্ট, বাথরুমের অসুবিধা আর তার উপর গরম। সংঘের স্বামীজীরা তারই মধ্যে হাসি মুখে তাদের যতটা সম্ভব আরামে রাখার চেষ্টা করে গেছেন। এত অসুবিধার মধ্যেও একটা জিনিষ মালশ্রীর খুব ভাল লাগতো। সন্ধ্যার সময় রোজ সেখানে নাম কীর্তন হত। তার মূল গানটা ছিল 'ওম জয় জগদিশ হরে'। মানে না বুঝলেও গানটা তার মন প্রাণ জুড়ে বসে গেল। সে গানের কিছু কথা আর সুর আজও তার মনে আছে। কিন্তু ওদিকে এক সমস্যা দেখা দিয়েছে এরই মধ্যে। মালশ্রীর মনে এ পর্যন্ত দেখা ভয়ঙ্কর দৃশ্যের প্রতিক্রিয়া শুরু হয়ে গেছে। মাঝরাতে সে চমকে চমকে জেগে ওঠে। কাঁদতে থাকে ভয়ে। সে একা নয় অনেক বাচ্চারই একই প্রতিক্রিয়া। তবে সেটা তো সবে শুরু। পরে তার আরও ভয়ঙ্কর অভিজ্ঞতা হয়েছে। আর তার প্রতিক্রিয়াটা এতো বেশি যে আজ এত বছর পরেও তা তাকে তাড়া করে





বেড়ায় ঘুমের মধ্যে। সেবার দিল্লীর কার্ফু সাতদিনে শেষ হয়নি। অবস্থার বিশেষ উন্নতি না হওয়ায় তা বেড়ে আরও দশদিন হয়। টেন ঠিক মতন চলতে আরও কদিন লেগে যায়।

শেষ পর্যন্ত তিন সপ্তাহ পরে আবার টেনে দিল্লী অভিমুখে। এবারও কতদিনের পথ জানা নেই। অনেক ঝামেলা অনেক হয়রানির পর তারা এক সময় দিল্লী পৌঁছায়। এখানে সকলের সঙ্গে ছাড়াছাড়ি। যে যার আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব পরিচিতদের কাছে আশ্রয় নেবে। এতদিন বিরাট একটা যৌথ পরিবারের মতন ছিল কলোনীর সকলে। সুখে-দুঃখে-বিপদে-আপদে একসঙ্গে কাটিয়েছে। আর কি দেখা হবে? সকলেরই মন খারাপ। কারুর কারুর চোখে জল। আর আর্গিঞ্জীর ওদের জড়িয়ে ধরে কি কান্না। পারলে সঙ্গে করে নিয়ে যান ওদেরও। সারাটা রাস্তা তো উনিই ওদের আগলে রেখেছিলেন। ওঁকে কাঁদতে দেখে মালশ্রীও কাঁদতে থাকে। মা'র চোখেও জল। আবার দেখা হবার আশা আর প্রতিশ্রুতি নিয়ে যে যার পথে পা বাড়ালো। আর্গিঞ্জীর সঙ্গে যোগাযোগটা ছিল শেষ পর্যন্ত। ওঁকে শেষ দেখেছে মালশ্রী নিজের বিয়ের সময়। শরীর খারাপ নিয়েও ছুটে এসেছিলেন কোলকাতাতে বিয়েতে যোগ দিতে। দিল্লীতে পৌঁছেই শাস্তি ছিল না। গন্ডগোল থেকে থেকেই মাথা চাড়া দিয়ে উঠেছে। ওরা উঠেছিল মাসীর কাছে। সেখানে সব সরকারী বাড়ী। শহর থেকে একটু বাইরে বলে বেশ খোলামেলা। মাঝখানে অনেকটা খোলা জায়গা রেখে তার দুধারে সার সার বাড়ী আর একদিকে রেল লাইন। মালশ্রীর ছেড়ে আসা রেল কলোনীর কথা মনে পড়ে যেত। যদিও দিল্লীর বাড়ী বা জায়গা সেখান থেকে অনেক ছোট ছিল। বোধ হয় টেন লাইনটার জন্যে বেশী মনে হোত। মাসীর বাড়ীর ঠিক উল্টো দিকে খোলা জায়গাটার ওপারে থাকতো একটি রাজস্থানী পরিবার। কি একটা উপলক্ষে এক সন্ধ্যায় পাড়ার বচ্চাদের নেমন্তন্ন সে বাড়ীতে। মনে আছে তারা যখন খুব ছুটোপাটি করে খেলছে তখন পাড়ারই কয়েকজন ভদ্রলোক এসে গৃহস্বামী কে কিছু বললেন। হাতে তাঁদের মোটা বাঁশের লাঠি। ওদের সঙ্গে কথা শেষ হতেই বাচ্চাদের সব বাড়ী পাঠিয়ে দেওয়া হোল। বাড়ী পৌঁছতে না পৌঁছতেই বাচ্চা আর মেয়েদের নিয়ে একটা বড়দল কে পৌঁছে দেওয়া হোল বিরাট বড়বাগানওয়ালা একটা বাড়ীতে। সে বাড়ীতে ভারী লোহার গেট। আর তার সামনে বন্দুক নিয়ে দাঁড়িয়ে দু-দুজন নেপালী দারোয়ান। মেয়েদের দলকে পৌঁছে দিয়েই ছেলেরা সব লাঠি হাতে বেরিয়ে গেলেন পাড়া পাহারা দিতে। সারা রাত 'আল্লা হো আকবর' শুনে ভয়ে সিঁটিয়ে রইল সকলে। পরে জানা গেল মুসলমানদের একটা দল কে পুলিশ আটকে ছিল যাতে গন্ডগোল শুরু না হয়। তারাই সারা রাত চেষ্টা করেছে। সকাল হতে যে যার বাড়ীতে ফিরে এলো। পরদিন শুরু হোল তান্ডব। পাশের বাড়ীর পরিবারটি ছিল মুসলমান। তারা পুলিশের সাহায্যে কদিন আগে বাড়ী ছেড়েনিরাপদ আশ্রয়ে চলে গেছে। তাদের জিনিষপত্র সব সুন্দর করে বাঁধা অবস্থায় পড়ে। প্রথমে লুট হোল সে বাড়ী। যতক্ষণে পুলিশ নিয়ে ভদ্রলোক এলেন জিনিষপত্র নিতে ততক্ষণে সব শেষ - কিছু পড়ে নেই সে বাড়ীতে। ভদ্রলোক হতভম্ব হয়ে খানিকক্ষণ দাঁড়িয়ে থেকে পুলিশের সঙ্গে আবার ফিরে গেলেন।


ওদিকে একদল শিখ টেন থামিয়ে মুসলমানদের টেনে নামিয়ে কচু কাটা করে রঙমাথা তরোয়াল নিয়ে হাসতে হাসতে ঘরে ঘরে জল চাইছে রঙখোয়ার জন্যে। তরোয়াল থেকে তখনও ফোঁটায় ফোঁটায় রঙ বরছে। মালশ্রীর সামনে এসে জল চাইতেই ভয়ে সে অজ্ঞান হয়ে যায়। তার নরম





# Anjali

মন সে দৃশ্য সহ্য করতে পারেনি। আর তারপর থেকেই শুরু হয় তার ভুলতে চাওয়া দুঃস্বপ্ন। দিনের পর দিন, রাতের পর রাত দুঃস্বপ্ন দেখে কেঁদে উঠেছে। সামান্য আওয়াজে ভয় পেয়েছে আর বেশী ভয় পেলে অজ্ঞান হয়ে গেছে। তারপরে একসময় পরিবেশ শান্ত হয়েছে। দিল্লী ছেড়ে তারা কোলকাতা চলে এসেছে। জায়গার পরিবর্তন তাকে অনেকটা সাহায্য করেছে সব দিক দিয়ে। কিন্তু দুঃস্বপ্ন তাকে তাড়িয়ে নিয়ে বেড়িয়েছে নিয়মিত ভাবে বছ বছর। বয়সের সঙ্গে সঙ্গে তার তীব্রতা কমেছে - স্থায়ীত্ব ও। এক সময় কমে কমে মাসে কয়েকবার থেকে বছরে কয়েকবার আর তারপর প্রায় না থাকার মতন হয়েছে। কিন্তু যবে থেকে টিভি হয়েছে আর তাতে যুদ্ধ সংক্রান্ত দৃশ্য দেখালে সব একসঙ্গে মাথা চাড়া দিয়ে ওঠে আবার। আবার নতুন করে শুরু হয় বিনীদ্র রজনীর পালা। চলবে কিছুদিন তারপর আবার একদিন সব শান্ত হয়ে মনের অতলে ঘুমিয়ে পড়বে। কিন্তু এই পোড়া পৃথিবীতে শান্তি আর থাকে কটা দিন? একটা দীর্ঘশ্বাস ফেলে উঠে দাঁড়ায় মালশ্রী। পূব আকাশ রান্ধা হয়ে উঠেছে। আস্তে আস্তে জেগে উঠেছে বিশ্ব চরাচর। পাখীদের কলকাকলিতে ভরে উঠেছে চারিদিক। তার ও তো অনেক কাজ। এখন বেশ কয়েক ঘণ্টা তার আর নিশ্বাস ফেলার সময় থাকবে না। নিজেকে গুছিয়ে নিয়ে ভারী মনে ঘরের দিকে পা বাড়ায় মালশ্রী। এ পৃথিবীতে নিরবিচ্ছিন্ন শান্তি কি আসবে কোনদিন? কে জানে !!



*A journey leaving the horrified past behind to a Democratic, Sovereign, Prosperous and Developed India*

## *Our President Dr APJ Abdul Kalam's vision for India*


I have three visions for India. In 3000 years of our history, people from all over the world have come and invaded us, captured our lands, conquered our minds. From Alexander onwards - the Greeks, the Turks, the Moguls, the Portuguese, the British, the French, the Dutch, all of them came and looted us, took over what was ours. Yet we have not done this to any other nation. We have not conquered anyone. We have not grabbed their land, their culture, their history and tried to enforce our way of life on them. Why? Because we respect the freedom of others. That is why my **FIRST vision** is that of **FREEDOM**.

My **SECOND vision** for India is **DEVELOPMENT**. For fifty years we have been a developing nation. It is time we see ourselves as a developed nation.

I have a **THIRD vision**. India must stand up to the world. Because I believe that unless India stands up to the world, no one will respect us. Only strength respects strength. We must be strong not only as a military power but also as an economic power. Both must go hand-in-hand.

*Durga Puja 2003  
Tokyo*





## বেদনাদায়ক প্রাতঃভ্রমণ

### কাজুহিরো ওয়াতানাভে


সে দিন ওজন মাপার যন্ত্রে চড়ে অবাক হলাম। মাত্র এক মাসের মধ্যে ওজন বেড়েছে দু'কেজি ! কারণটা সহজবোধ্য। প্রাতঃভ্রমণের অভ্যাস চলে গেছে, তাই। প্রতিদিনের পায়চারির উত্তম সঙ্গী ছিল যে কুকুর, ক্যাসারে ভোগার পর ৩১ শে জুলাই সে আমাকে ছেড়েচলে যাওয়াতে আমার এই কাহিল অবস্থা।

সম্ভবত ভুরু কঁচকাচ্ছেন, এখানে এমন অশুভ প্রসঙ্গ কেন? তবে প্রিয় Pet - এর মৃত্যুতে আমার দুঃখ বেদনার বর্ণনা দেয়া এই লেখার উদ্দেশ্য নয়। কেউ কেউ হয়ত কিছু না বললেও আমার মনের অবস্থা বুঝবেন, আবার এমন লোকও সম্ভবত থাকবেন হাজার কথা দিয়ে বোঝানোর চেষ্টা করলেও কখনো সেটি উপলব্ধিকরতে পারবেন না। আমি কেবল লিখে রাখতে চেয়েছি এখানকার সংস্কৃতির পটভূমিতে জাপানে বাড়িতে পোষা জন্তুর মৃত্যু কিভাবে উল করা হয়, তার এক দৃষ্টান্ত।

আমার রক্তের ধরন (blood type) – A (এ)। জাপানে প্রায়ই লোককে বলতে শুনি যার blood type-A স্বভাবের দিক দিয়ে সে হয় সিরিয়াস, পরিচ্ছন্ন থাকতে পছন্দ করে। আবার সে নাকি তুচ্ছ ও খুঁটিনাটি বিষয় নিয়ে অতি মাত্রায় মাথা ঘামায়। আমার স্বভাব ঠিক সেইরকম। আমি সব সময় ঘরটির পরিষ্কার করে রাখতে বলি স্ত্রীকে। আবার যে ব্যাপার অন্যরা তেমন মাথা ঘামায় না, সে সব জিনিস আমাকে চিন্তা ভাবনার মধ্যে ফেলে দেয়। যেমন রবীন্দ্রনাথ দুহাজারেরও বেশী গান রচনা করেছেন। ভাল কথা। তবে সেই সাথে এমন প্রশ্ন আমাকে চিন্তাগ্রস্ত করে যে তিনি সুর রচনা করেছেন আসলে কিভাবে; পিয়ানো বা হারমিনিয়াম বাজিয়ে? নাকি, গুনগুন করে গেয়ে তার পরে খাতায় লিখতেন? অথবা এমনও হতে পারে কোনো সঙ্গীত বিশারদ, সেক্রেটারির মত করে হামেশা তাঁর পাশে থাকতেন এবং রবীন্দ্রনাথের মুখ দিয়ে বেরানো সুরগুলি কাগজে লিখতে থাকতেন। আমার এই সামান্য লেখার পাঠকদের (যদি থাকে তাহলে) মধ্যে যদি কেউ সেই তথ্য জানেন, এক দিন আমাকে জানালে খুশী হব। যা হোক, যাঁরা ধৈর্য্য ধরে এই লেখা পড়ছেন, তাদের মধ্যে কেউ কেউ আমার সঙ্গে একই চরিত্রের (অর্থাৎ একই ব্লাড টাইপের) অধিকারী হবেন, (যদিও বাঙ্গালীদের মধ্যে A টাইপ ব্লাডের অধিকারী নাকি জাপানীদের তুলনায় কম দেখা যায়) এবং তাঁদের মধ্যে এমন ব্যক্তিও হয়তো আছেন যাঁরা এই গভীর অথচ তুচ্ছ চিন্তায় মগ্ন যে জাপানে কুকুর মরে গেলে তার পরে কি হয়? তাঁদের জন্য আমার এই লেখা উৎসর্গ করি।

অতীতে, অর্থাৎ আমি যখন ছোট ছিলাম, এখানকার মত Pet Shop থেকে কুকুর কেনার রীতি ছিল না। কুকুর ছিল এমন জিনিস, হয় কারো কাছ থেকে বিনা মূল্যে নেয়ার অথবা রাস্তার ধার থেকে কুড়িয়ে আনার। বাড়িতে আসার পরও বর্তমান যুগের কুকুরদের তুলনায় তারা ছিল অবহেলিত ও উপেক্ষিত। শীতের দিনে সোয়েটার পরা কুকুর কল্পনার বাইরে ছিল। এক কথায় মানুষ ও কুকুরের মধ্যে পরিষ্কার রেখা টানা হত অর্থাৎ কুকুরের মত জীবনযাপন করতে তাদের বাধ্য করা হত। কুকুরের থাকার জায়গা ছিল প্রধানত বাগানে। বাড়ির ভিতরে এদের প্রবেশ কঠোরভাবে সীমিত করা হত। টেলিভিশনের সাদা-কালো পর্দায় আমেরিকাতে তৈরি নাটকে কুকুরদের ঘরের ভিতরে স্বচ্ছন্দভাবে বিচরণ করতে দেখে অবাক হতাম। আমার বাড়িতেও মাঝেমাঝে কুকুর পোষা হত।





তারা খাঁটি জাপানী কুকুর হিসাবে জীবনযাপন করত। মারা যাওয়ার পরে কি করা হত তা মনে নেই। তবে এখনকার মত কুকুরের শেষকৃত্য সম্পন্ন করার রেওয়াজ ছিল বলে মনে হয় না।

গত ৩১ শে জুলাই আমাদের কুকুর ইহলোক ত্যাগ করার পর আমরা একজন প্রতিবেশীর কাছে পরামর্শ নিতে গেলাম, এখন কি করতে হবে? উনি কিছু দিন আগে কুকুর হারিয়েছেন। উনি একটা টেলিফোন নম্বর দিলেন। এক Pet আন্ডারটেকারের নম্বর। নম্বর দিতে দিতে আমাদের প্রতিবেশী জানালেন, ‘কুকুরের মৃতদেহ এমনি মাটিতে পুঁতে আইনগত কোনো বাধা নেই, তবে স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ দাহ করার সুপারিশ করে পরিবেশের কথা বিবেচনা করে।’ উনি আরো বললেন, ‘আমাদের কুকুর আমাদের সঙ্গে একই রুমে থাকতো, একই টেবিলে খেত আর আমার সঙ্গে বিছানায় ঘুমাত। ও ছিল আমাদের পরিবারের পূর্ণাঙ্গ সদস্য। তাকে কি করে এমনই মাটিতে ফেলে দিতে পারি বলুন? সেই জন্য আমরা এই Pet আন্ডারটেকারের শরণাপন্ন হলাম।’

যদিও আমার বাড়িতে কুকুরকে একই টেবিলে খেতে দেওয়া অথবা একই শয়্যায় শুতে দেওয়া হত না, কিন্তু ও যে আমাদের পরিবারেরই সদস্য ছিল, তাতে কোনো সন্দেহ নেই। তাই সিদ্ধান্ত নিলাম আমরাও শেষকৃত্যের ব্যবস্থা করব। আন্ডারটেকারকে টেলিফোন করলে তারা জানালো যে কুকুরের সাইজ ও দাহ করার পদ্ধতি অনুযায়ী রেটের হেরফের হয়। বলল, আপনার কুকুরের বেলায় আপনি যদি অন্য কুকুর, বিড়াল ও পাখিদের সঙ্গে দাহ করতে চান, সেক্ষেত্রে লাগবে ১৫ হাজার ইয়েন, ওকে একা দাহ করতে চাইলে ২৬ হাজার ইয়েন, আবার দাহ করার সময় আপনি সেখানে উপস্থিত থাকতে চাইলে ৫০ হাজার ইয়েন লাগবে, কারণ আমাদের এখানে যে আগে পৌঁছায় সে আগে সেবা পায় এই নিয়ম চালু থাকলেও শেষ স্কীমে আপনার সুবিধার সময় অনুযায়ী সেই ব্যবস্থা করি, তাই। ওর কথা শুনে মনে হল, ওদের ওখানে পরের পর মৃত Pet রা এসে জমা হচ্ছে। যা হোক আমাদের বাড়িতে সবাই কোনো না কোনো কাজে ব্যস্ত, সকলে মিলে শ্মশানে যাওয়া সম্ভব নয়। তবে অন্য কুকুর -বিড়াল -পাখি - সাপদের সঙ্গে দাহ করতে কেউই চায় নি। তাই শেষ পর্যন্ত ঠিক করলাম, দ্বিতীয় স্কীমে অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যবস্থা করা হবে। যে Pet ক্লিনিকে আমাদের কুকুরের চিকিৎসা হচ্ছিল, সেখান থেকে একটি কার্ডবোর্ড বাক্স নিয়েছিলাম কফিন হিসাবে ব্যবহারের জন্য। মারা যাওয়ার আগে যে বিছনাপত্র ও ব্যবহার করত, বাক্সে সেটি পেতে তার উপর ওকে শুইয়েছিলাম। তার পরে ফুল দিয়ে ভরে দিলাম বাক্সটাকে, ঠিক মানুষের অন্ত্যেষ্টিক্রিয়ার সময় যা করা হয়। একটা কাগজে সবাই এক লাইন করে ওকে উদ্দেশ্য করে কৃতজ্ঞতা প্রকাশ করলাম। আর আমাদের সকলের গ্রুপ ফটোর সঙ্গে কাগজটি ওর পাশে রাখলাম। পরের দিন সকালে স্ত্রী, ছেলে ও ছোট মেয়ে ওকে শ্মশানে নিয়ে গেল। শ্মশানটি অবস্থিত সেই Pet আন্ডারটেকারের ওখানে, অবশ্যই মানুষের শ্মশান থেকে আলাদা। আমি আর বড়মেয়ে অফিসের কাজের জন্য যেতে পারি নি। তিন দিন পর তাদের কাছ থেকে চিঠি এল। লিখেছে যে শেষকৃত্য সম্পন্ন হয়েছে, আপনার সুবিধার মত ভস্ম নিতে আসবেন। তবে আমাদের অফিস যে সোমবারে বন্ধ, সে কথা মনে রাখবেন। এখানেই মানুষের শ্মশানের থেকে একটা পার্থক্য লক্ষ্য করলাম। মানুষের জন্য শ্মশানে সাধারণত ছুটি থাকে তোমোবিকির দিন। তোমোবিকি জাপানের পুরোনো ক্যালেন্ডারে নিখারিত তিথির নাম যার আক্ষরিক মানে বন্ধুকে টানা। অন্য জগতে বন্ধুকে টেনে যাওয়ার চেষ্টা করলে বন্ধুত্ব আর থাকবে? এই ধারণা থেকে তোমোবিকির দিনগুলো শ্মশানের জন্য অশুভ দিন হিসাবে গণ্য করা হয়। এখানে বলে রাখি, এখনো অনেক জাপানী আছে যারা বুৎসুমেৎসু অর্থাৎ বুদ্ধের অন্তিম দিনটাকে অশুভ ধরে নিয়ে বিয়ে করতে চায় না।






## Anjali

যাই হোক, আমার ছুটির দিনে গাড়ি চালিয়ে সেখানে গেলাম। প্রায় কুড়ি মিনিটের পথ, পাহাড়ের গায়ে জায়গাটা অবস্থিত। ভারী লোহার কালো রঙের গেট পেরিয়ে ভিতরে প্রবেশ করলাম। বেশ বড় 'হল', ঘরে যাওয়ার পথে সিঁড়ি, যার দুধারে কুকুর ও বেড়ালের ভাস্কর্য। গ্রীষ্ম কাল। তবু নির্জন হলের মধ্যে গরম নেই। আবছা আলোর মধ্যে কোথা থেকে খুপের গন্ধ নাকে আসছে। আমার ডাকে সাড়া দিয়ে অফিস থেকে এক কর্মী বেরিয়ে এলেন এবং পূজোর ঘরে আমাদের নিয়ে গেলেন। সেখানে রাখা ছিল একটি বাস্ক। অনুমান করতে পারলাম বেঙুনি রঙের কাপড়ে মোড়া সেই বাস্কের ভিতরে চীনা মাটির পাত্র, যার ভিতর আমাদের কুকুরের ভস্ম রাখা আছে। খুপ জ্বালিয়ে হাত জোড় করে কুকুরের আত্মার শান্তির জন্য প্রার্থনা করতে আমাদের বলা হল। বাস্কটি হাতে নেওয়ার সময়ে লক্ষ্য করলাম, হলটির দেয়ালে পার্টিশন দিয়ে অসংখ্য তাক তৈরি করা হয়েছে, যার প্রত্যেকটিতে কুকুর, বিড়া ল ইত্যাদির ছবির সঙ্গে ফুল ও নানান খেলনা রাখা হয়েছে। কর্মীটি বললেন, এটি কবর স্থানের মত, এখানে মারা যাওয়া Pet - এর ভস্মের সাথে স্মৃতির জিনিস রাখা হয় এবং পরিবার পরিজনরা মাঝে মাঝে পূজা করতে আসেন। যদি এখানে রাখতে চান, ১২ হাজার ইয়েনে সেই ব্যবস্থা করা যায়। তবে আমরা আগেই ঠিক করেছি, আমাদের বাড়ির বাগানে কুকুরটির জন্য স্মৃতির জায়গা তৈরি করব। তাই এখানে কবর করার কথা ভাবিনি। ভস্মের পাত্র নিয়ে বাড়ি ফেরার পথে ধানক্ষেতের পাশে গাড়ি থামালাম। ক্ষেতের পাশ দিয়ে ছোট্ট নদী বইছে। এখানে রোজ সকালে ওর সঙ্গে বেড়াতে আসতাম। পাত্রটি কোলে নিয়ে সেখানে কয়েক মিনিট ঘোরাঘুরি করেছি। বাড়ি এসে দেখি, আন্ডারটেকার যে কাগজ দিয়েছে, তাতে বৌদ্ধ ধর্ম মতে অনুষ্ঠান করার দিন তারিখের বর্ণনা রয়েছে। যেমন, ১৭ সেপ্টেম্বর হবে ৪৯ তম দিন, অর্থাৎ মৃত্যুর ৪৯ দিন পরে মৃতের আত্মা নাকি শেষ পর্যন্ত ইহলোক ছেড়ে চলে যায়। জাপানী বৌদ্ধ মতে ওই দিনই কবরে ভস্ম রাখা হয়। এই সব দেখে একটুখানি হাসি পেল। পাত্রটি স্নেহে বাঁধানো ওর ছবির সঙ্গে কিছু দিন ঘরে রাখার পরে পরিষ্কার একটি দিনে বাগানে ওর চিরনিদ্রার জায়গা তৈরি করলাম। গলার কলার ও ডিনোসোরের খেলনা সঙ্গে রেখে দিলাম, যা নিয়ে ও প্রায়ই খেলত।

ওজন মাপার যন্ত্র দেখে মর্মান্বিত হওয়ার পর কয়েক দিন ঘুম থেকে উঠে morning walk করার চেষ্টা করেছি। তবে কেন যেন ভালভাবে হাঁটতে পারছি না। দশ বছর রোজ ওর সঙ্গে হেঁটেছি, ওর সঙ্গে হাঁটতে হাঁটতে এমন অভ্যাস হয়ে গিয়েছে যে হাতের ডগায় দড়ি এবং দড়ির ডগায় কুকুর না থাকলে কেমন যেন অস্বস্তি লাগে। একা হাঁটতে ভাল লাগে না। হাঁটতে হাঁটতে ওর কথা মনে পড়ে যায় তার ফলে morning walk পরিণত হয় mourning walk- এ। সময়ের সাথে সাথে আমার মনের অবস্থাও বদলে যাবে সেটাই স্বাভাবিক। তবে তত দিন ওজনকে কিভাবে কন্ট্রোল রাখব, ঐ মুহুর্তে সেটাই আমার পক্ষে সব থেকে বড় সমস্যা।

### Photo Feature





## সেই ভয়ানক সন্ধ্যা

বিশ্বরঞ্জন ঘোষ

থাকতাম আমি ১০৩ নং-এ কিনিহিরো তামাকির বাড়িতে, মাঝেমাঝে সুশি, সশিমি, মিসো শিরু - বেশ খেতাম। তারপর একদিন পাশের বাড়ি থেকে দারুল ইন্দোকরীর গন্ধ পেয়ে আর থাকতে পারলাম না, ভাবলাম দেখাই যাক না ও বাড়িতে কি পাওয়া যায়। সেই ভেবে একদিন মাঝরাতে হানা দিলাম ১০৪ নং-এ - ভালোই চলছিল, প্রায়ই ডিমের ডালনা, লুচি, আলুর দম, টমেটোর চাটনী, মিষ্টি - রাত্রে বেরিয়ে চাখতে পারতাম। এই ভেবে বেশ ফুলে ফেঁপে উঠেছিলাম, নড়তে চড়তে সময় লাগত। হটাৎ সেদিন সন্ধ্যা বেলা এত ক্ষিদে পেল যে আর থাকতে পারলাম না - ও ! তোমাদের তো বলাই হয়নি এই বাড়ির লোকজনের কথা। এই বাড়িতে এক ভদ্রলোক, ভদ্রমহিলা আর তাদের দুই মেয়ে থাকে। আগে ভদ্রলোকের মা-ও ছিলেন আজকাল আর তাঁকে দেখিনা। এদের বাড়িতে প্রায়ই লোকজনের আনাগোনা তাই রান্নাবান্না লেগেই আছে। তাছাড়া মাঝেমাঝেই 'দিল চাহতা হয়', 'কহো না প্যার হয়', এই সব সিনেমা দেখে এরা, আর গান শোনে। ছুটির দিনে অবশ্য সকালে শুনতে পাবে রবীন্দ্র সংগীত, সাথে জলখাবারের গন্ধ নাকে আসবে। ভদ্রলোক ভদ্রমহিলার কথাবার্তা ঝগড়া না প্রেমলাপ ঠিক জানিনা কারণ জাপানী বাড়িতে তো এটা দেখিনি, আর মেয়ে দুটো যখন ঝগড়া করে মনে হয় দুটো বেড়া ল 'গড়-গড়' আওয়াজ করছে আমি তো বেড়াল ভেবে লুকিয়ে থাকি। তবে পড়াশোনার মাঝেমাঝে মেয়ে দুটো শখের রান্না করতে আসে।

এবার সেই সন্ধ্যার কথায় আসি - আমি সেদিন একেবারেই থাকতে না পেরে বেরিয়ে পড়েছি আর বাড়ীর বড় মেয়েটা দেখতে পেয়ে বলে উঠল - 'মা, এই দেখো কত্তোবড় আরশোলা - ডিসগাসটিং ক্রিচার।' আর সঙ্গে সঙ্গে চটি খুলে আমাকে মারার জন্য ফট্ ফট্ করতে লাগল, তা দেখে ওর বাবা বলে উঠল - 'চটি দিয়ে শব্দ করছিস কেন? স্প্রেটা কর না, তাহলেই তো মরে যাবে।' যেই না শোনা ওমনি আমি তাড়াছড়ো করে আলমারির পেছনে লুকোতে গেলাম কিন্তু হয়। ঐ মারাত্মক স্প্রে আমাকে পঙ্গু করে দিল -


*বলোতো, এই পৃথিবিতে আমাদের কি স্থান নেই? আমরা ও তো মানুষদের সাথে থাকতে ভালোবাসি -*

*মূলভাবনা ও বঙ্গ্য -বিশ্ব রঞ্জন ঘোষ : লিখন - তাস্বতী ঘোষ (সেনগুপ্ত) : ২০ শে আগস্ট ২০০৩*

### Photo Feature

Netaji, Renkoji & Tokyo Bengali Community





Anjali

## চেতনার রং

### শতরূপা ব্যানার্জী

কবি লিখেছিলেন আমারই চেতনার রংএ পান্না হল সবুজ চুনী উঠল রাঙা হয়ে। আমাদের চিন্তা গুলো কেন এমন রং ধরে না। কেমন যেন একঘেয়ে গতানুগতিক জীবন হয়ে গেছে। শুধু দৌড়ে চলেছি, দিকবিদিক জ্ঞান শূন্য হয়ে আমরা ছুটছি। জানিনা সামনে কোনো অজানা খনি লুকিয়ে আছে কিনা? ভুলে গেছি পেছনে কাদের যেন ছেড়ে এলাম। তাদের মুখ আজ বিস্মৃতির ধুলোয় চাপা পড়ে গেছে। আমাদের নিশ্বাস ফেনিল আমাদের বুক ধুকপুকানি এই হয়ত পিছিয়ে গেলাম।

কতদিন হয়ে গেল রাতের আকাশের দিকে তাকিয়ে পূর্ণিমার চাঁদ দেখিনি। এখনো মনে পড়ে স্কুলে যখন পড়তাম পূর্ণিমার আকাশের দিকে তাকিয়ে দেখতাম। মনে তখন কত স্বপ্ন কত কল্পনা। অমাবস্যার আকাশ দেখলে মন বিশ্বাদে ভরে যেত, সেদিন আকাশে চাঁদ নেই বলে। সেদিন একটা নদীর ধার দিয়ে গাভ্রীটা যাচ্ছিল হঠাৎ মনে হল কতদিন হলো গাছের ছায়ায় বসে নদীর সাথে নুড়িপাথর নিয়ে খেলা করিনি।

কেন জীবনটা আজ এখানে এসে দাঁড়াল। হয়ত এটাই বাস্তব আর স্বপ্নে মোড়া রঙ্গিন কল্পনা গুলো তাহলে কি ছিল? কবি যদি দেখতে পেয়েছিলেন তাহলে আমরা কেন পারিনা? আমাদের ভেতরে একজন কবি বা একজন শিল্পী তো ঘুমিয়ে থাকে তাকে কেন ডাক দিয়ে সাড়া পাইনা? কেউ বলতে পারবে পৃথিবীর প্রতিটি মানুষের চেতনার রং-এ পান্না হবে সবুজ আর চুনী হবে লাল? আকাশ হবে নীলে ভরা, থাকবে না ধোঁয়ায়, মানুষ গাইবে গান আর লিখবে বসে কবিতা।


মনে পড়ে দুদিকে কলা বিনুনি ঝুলিয়ে বিকেলের রোদ গায়ে মেখে ছাদে এক্সা দোক্কা খেলা - আর আজ সব কেমন যেন ভুলতে বসেছি। ছেলেকে বলি কম্পিউটারে খেলো, কেন বলতে পারিনা 'আয় দুজনে মিলে এক্সা দোক্কা খেলি'। যদি কোনোদিন খেলা করিনি তখন ছাদের রেলিং ধরে দাঁড়িয়ে আকাশের মেঘ দেখতাম। কোনটা যেন হাতের শুঁড় আবার কোনটা বিশাল প্রাসাদ, কোনটা বকের মত আবার পরস্পরেই পাল্টে গিয়ে ওটা হত সিংহের কেশর। আজ তো আকাশপানে দেখিনা - বৃষ্টি পড়লে বলি 'আবার বৃষ্টি', রোদ হলে 'বাবা ভীষণ রোদ্দুর'। মনের কোণে স্বপ্ন যখন রঙ্গিন তখন সময় অসময় গান শুনতে বড় ভালো লাগত। গান গুলো মনে হত হৃদয়ের গভীরে গিয়ে দাগ কাটছে। এখন সময়ের অভাবে গানের জন্য আলাদা সময় ধার্য করতে হয়। মনে হয় হাতটা একটু খালি হোক অন্ধকার ঘরে বসে দু দন্ড গান শুনবো কিন্তু পরে ভেবে দেখি হাত তো খালি হল না দিন পেরিয়ে গেল, গান শোনা হল না।

Little deeds of kindness,  
Little words of love,  
Help to make earth happy,  
Like, the heaven above.

Durga Puja 2003  
Tokyo



30



## মোরে আরো আরো আরো দাও প্রাণ ....


ভাস্বতী ঘোষ (সেনগুপ্ত)

ঘটনার পটভূমি জাপানের গুম্মা প্রদেশের তাকাসাকি অঞ্চলের কুরাগানো জুনিয়র হাইস্কুল,  
১৯৭০ সাল ১৭ ই জুন ...

‘ আমি শরীরবিদ্যা ও ব্যায়ামের শিক্ষক হিসাবে যোগ দেবার পর ২টি মাস কিভাবে কেটে গেল জানিনা, প্রতিদিনের মত আজও আমি স্কুলের বাইরে দাঁড়িয়ে নীলাভ আকাশ ও স্নিন্ধবাতাসের স্পর্শ উপভোগ করছিলাম, একটু পরই প্রতিদিনের নিয়মমত দৌড় ও ব্যায়াম শুরু করলাম। তারপরই সামারসল্ট - কতবার এর আগে করেছি তার হিসেব নেই- শূন্যে নিজেকে তলে নিয়েছি নিজের শরীরটাকে পালকের মত মনে হয়েছে। আজ যখন মাদুরের উপর আমি পড়লাম তখন আমার কানের পাশে কিরকম যেন একটা অদ্ভুত শব্দ শুনতে পেলাম আর সঙ্গে সঙ্গেই অনুভব করলাম কপালের কাছটা যেন হিমশীতল - মনে হচ্ছে আজকের সামারসল্টটা যেন একটু অন্যরকম। আমি অনুভব করলাম ছাত্ররা একের পর এক লাইনে দাঁড়িয়ে আমার উঠে পড়ার অপেক্ষা করছে, তারাও সামারসল্ট করবে, আমি নিজের হাত দুটিকে জড়াবার চেষ্টা করলাম কিন্তু একি হোল ? ... ’

এই অংশটি জাপানের বিখ্যাত শিল্পী শ্রীযুক্ত তোমিহিরো হোসিনোর লেখা আত্মজীবনী থেকে উদ্ধৃত। তোমিহিরো হোসিনোর জন্ম এক মধ্যবিত্ত চাষী পরিবারে ১৯৪৫ সালে জাপানের গুম্মা প্রদেশের ছোট্ট একটি গ্রামে - নাম আজুমা। বাবা ও মা চাষের জমিতে অক্লান্ত পরিশ্রম করে সংসার চালান, তাঁরা উভয়েই কষ্টসহিষ্ণু। তোমিহিরোর বাল্যকাল থেকেই চোখে স্বপ্ন, কিভাবে সে বড় হয়ে ভালো চাকরী করে বাবা মার পরিশ্রম লাঘব করবে, সেই স্বপ্নের তাগিদেই ছাত্রজীবন থেকে জিমনাস্টিক শেখা ও অভ্যাস করা। দীর্ঘ সাতবছরের নিষ্ঠার ফলে বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ হবার সাথে সাথেই শিক্ষকতা পেলেন। সততা ও নিষ্ঠার জোরে খুব কমসময়েই ছাত্রদের প্রিয় হয়ে উঠলেন। তারপরই নেমে এল চরম বিপর্যয় - সামারসল্টের ঘটনা এক মুহূর্তের মধ্যে তাঁকে চিরদিনের জন্য পঙ্গু করে দিল, এই সাংঘাতিক দুর্ঘটনায় তাঁর গলার পেছনের অস্থির ও মেরুদণ্ডের অস্থির যোগাযোগ ছিল হয়ে গেল, তাই গলার নীচ থেকে পা পর্যন্ত শরীর অচল হোল। আশ্চর্যভাবে মস্তিষ্কে কোনো আঘাত লাগেনি। এই দুর্ঘটনার পর থেকে দীর্ঘ ৯ বছর তিনি গুম্মা বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন থাকলেন - ডাক্তার, নার্স ও বন্ধুবান্ধবদের সেবা ও ভালবাসা তো পেয়েছেনই কিন্তু দৃষ্টান্তস্বরূপ হোল তাঁর মায়ের অক্লান্ত সেবা - দিনের পর দিন হাসিমুখে পুত্রের পাশে থেকেছেন। যে বয়সে ছেলের উপার্জনে সুখের দিন শুরু হওয়ার কথা সেই সময় তিনি স্বাবলম্বী যুবক পুত্রকে চিরকালের মত পঙ্গু হতে দেখলেন। ইতিমধ্যে ১৯৭২ সালের শেষের দিকে তাঁর ছাত্ররা একটি মাথার টুপিতে অসংখ্য শুভেচ্ছাবাণী ও উৎসাহ ভরা কথা লিখে তাঁকে পাঠাল এবং তারই সাথে শুরু হোল নতুন অধ্যায়। ছাত্রদের ধন্যবাদ জানানোর আশায় তিনি ঠোঁটে কলম ধরে লেখার চেষ্টা করলেন, প্রথমদিকে প্রচণ্ড কষ্ট, যন্ত্রণা ও রক্তপাত হলেও তিনি আত্মবিশ্বাস হারাননি। ধীরে ধীরে কলম থেকে তুলি - সুপ্ত শিল্পপ্রতিভার প্রকাশ শুরু হোল, জীবনের আশা ও স্বপ্ন আবার নতুন রূপ





Anjali

ধারণা করল, পেলেন বাঁচবার প্রেরণা। তাঁর অবিচল আত্মপ্রত্যয়ের ফলে একের পর এক আঁকা ও লেখা চলতে লাগল। লেখাগুলি অবশ্য তিনি বলতেন এবং কেউ শুনে লিখতেন কিন্তু আঁকাগুলি সম্পূর্ণ তাঁর, যদিও রংয়ের সংমিশ্রণ, কাগজ ও তুলির প্রস্তুতি কেউ করে দিয়েছে তাঁর কথামত, বেশীর ভাগ তাঁর মায়ের সাহায্যে। ১৯৭৯ সালে তাঁর অসংখ্য আঁকার প্রথম প্রদর্শনী হোল মায়েরাসী শহরে ও সেই বছরেই তিনি হাসপাতাল থেকে বাড়ী ফিরে আসেন। ততদিনে ডাক্তারদের বিশেষ নকশায় তাঁর জন্য নতুন ধরনের ছইলচেয়ারের ব্যবস্থা হয়েছে যাকে তিনি খুতনীর সহযোগে চালাতে পারেন। প্রদর্শনীর বিজ্ঞাপন খবরের কাগজের পাতায় প্রকাশিত হোল - হোসিনো ছইলচেয়ারে উপবিষ্ট, মা পেছনে দাঁড়িয়ে - অসংখ্য লোকের ভীড় প্রদর্শনীকে বিশেষ মাত্রায় নিয়ে গেল, প্রচুর মানুষ অভিভূত হলেন একটি পঙ্গু যুবকের আত্মপ্রত্যয় ও প্রানশক্তি দৃষ্টান্ত দেখে। তারপর এক এক করে বই, প্রদর্শনী, রেডিও, দূরদর্শনে সাক্ষাৎকার - ইতিমধ্যে ১৯৮১ সালে বিবাহবন্ধনে আবদ্ধ হলেন। স্ত্রী তাঁর সর্বক্ষণের সাথী এবং যাঁর সাহায্য ছাড়া তিনি কিছুই করতে পারেন না। তাঁর লেখা ও আঁকার ছয়টি বই ইতিমধ্যে ইংরিজীতে অনুবাদ হয়েছে, সাথে আছে তাঁর অবিশ্বাস্য আঁকা যা দেখে আমি মুগ্ধ ও অভিভূত - বার বার নিজেকে প্রশ্ন করেছি জীবনের প্রকৃত অর্থ কি - এ যেন এক বিস্ময়। পৃথিবীর বহু জায়গায় তোমিহিরোর মত এরকম কিছু মানুষ আছেন ও ছিলেন যাঁরা অসম্ভবকে সম্ভব করেছেন, যাঁরা অনুপ্রেরণা ও প্রাণশক্তির দৃষ্টান্তস্বরূপ, যাঁরা জীবনকে একটা নতুন নাম দিতে পেরেছেন তাঁদের সকলকে আমার শ্রদ্ধার নিবেদন স্বরূপ এই লেখাটি উৎসর্গ করলাম।

বিশেষ দৃষ্টব্য :- এই আলোচ্যটি শ্রীযুক্ত তোমিহিরো হোসিনোর কয়েকটি বইয়ের ভিত্তিতে লেখা-

Here so close but I didn't know  
Journey of the wind  
Love from the depths  
Road of the tinkling bell  
In the palms of your hands  
Silvery Trace



*With Best Wishes*

from

**INDIA TRADE PROMOTION ORGANISATION**

A Government of India Organisation for Trade Promotion and Trade Fairs in  
India & Abroad

33 Mori Building, 8th floor, 3-8-21 Toranomon,  
Minato-ku, Tokyo 105-001

Tel: 03-3436-5060 Fax: 03-3431-5659

E-mail: info@itpotyo.org URL: http://www.itpotyo.org

**Major forthcoming Fairs:-**

- Delhi International Leather Fair, New Delhi (Oct. 19-22,2003)
- India International Trade Fair 2003, New Delhi (14-27 Nov, 2003)
- Industrial India Trade fair, Kolkata (Dec.19-31, 2003)
- Tex-Styles India 2004, New Delhi (March 1-4 2004)
- "Aahar" - International Food Fair, New Delhi (March 11-15,2004)

*Durga Puja 2003*  
*Tokyo*



32



Anjali

### ‘সৈয়দ মুজ্তবা আলী’

মগন ছিলাম বইয়ের পাতায়  
‘সৈয়দ মুজ্তবা আলী’  
সূক্ষ্ম রসিকতায় পূর্ণ হৃদয়  
তাহারে বুঝিতে নারি।  
ফার্সী, সংস্কৃত বাংলা উর্দু,  
সবভাষাতে পারদর্শী  
চিনিলাম না তাহারে আমরা,  
এমনই স্বদেশ বাসী।  
লেখায় তাঁহার কত না ছন্দ  
বিদ্যা যাঁহার অতলনীয়  
তলনাহীন লেখনী তাঁহার  
ফিরিয়া আসিবে তাকি?

শ্রীযুক্তা সীমা ঘোষ  
(উকিল)

### টাইফুন

বাতাসের গর্জনে কাঁপায় ধরণী  
মানুষের মনেতে লাগায় দুঃসহ  
ঝাঁকুনি,  
শিল্পীর মনেতে জাগায় রঙ্গীন  
আশার বাণী  
কাছে পেলে রং তুলি  
দেয় সে ঐকে প্রলয়ের ভয়ংকর  
ছবি।


# OMSHANTI

VISIT OUR WEBSITE: <http://www.rickysarani.com>

Durga Puja 2003  
Tokyo



33



## কবিতাগুচ্ছ

কবিতা লেখার অভ্যাস যে কস্মিনকালে ও ছিলনা, তা আগে থেকে বলে রাখাই ভালো। তবে ছন্দে ভরা কবিতা পড়ত আমি খুবই ভালবাসি। তাই যা লিখেছি, তা হয়ত হটাৎ করেই ছন্দের দোলায় কখনো কখনো প্রকাশ পেয়ে গিয়েছে। একে কবিতা বলে আখ্যা দেওয়ার চেয়ে ও বরঞ্চ নিজের খামখেয়ালীপনা বলাই যথাযথ হবে।

এই যেমন- “যারে পাখী উড়ে গিয়ে ডালে বসে গা-  
সা-রে-গা-মা, রে-গা-রে-মা, গা-মা-গা-রে-পা”

করবীদি (ফুইফুই)

এ্যালবাম

১। ভরাতে চাও, ভরিয়ে ফেল টুকরো স্মৃতির মেলা,  
সারা জীবন খেলবে শুধু আলো ছায়ার খেলা ॥

২। ছবিতে ছবিতে এ্যালবাম ভরল,  
মনের ছবিটি শুধু তাতে বাদ পড়ল ॥

বিদায় কালে -


৩। জাপানবাসে ফুল ফোটাতে নানান্ ভারে ভারে,  
যাচ্ছ এবার আমেরিকায় ফল ধরাবার তরে ॥

৪। হাসি ঠাট্টা, ঝগড়াঝাঁটি কি মজাটাই ছিল,  
এবার পড়ল ভাঁটা বিদেশবাসে, ফিরতে আবার হল।  
বাক্স বাঁধা গোছগাছানি, প্রাণটা বুঝি গেল,  
“আবার দেখা হবে” বলে সবাই বিদায় নিল।

৫। ঘোষজায়া যেই বলল সেদিন শোনাই তবে কথা,  
পরবাসের আয়ু মোদের মিটল, এবার হেথা।  
শুনেই আমার মনটা হটাৎ চুপসে হল আধা,  
আর কিছুদিন থাকত না হয়, কিসের ছিল বাধা?  
মুসুর ডাল আর পোস্তুবাটা, ওলভাতেতে লংকা সাঁটা,  
যত্ন করে মুড়িমাখা, অমনটি আর পাব কোথা,  
আদর করে খেতে দেওয়া, বিপদ হলেই খবর নেওয়া ॥  
কিই -বা আমি করেছি তার, দেওয়ার থেকে নেওয়াই যে সার  
কি দিয়ে যে পূরণ করি পাইনা ভেবে জবাব,  
তবে দেশে গেলে দেখা পেলে মিটবে কিছু অভাব ॥

৬। বিদেশবাসে কাটল যে মোর গোটা তিরিশ বছর,  
নিজের দেশে সেই হিসেবের কেউ কি রাখে খবর?  
খাটছে লোকে, খাচ্ছে হোঁচট, ঘুরছে ঘড়ির কাঁটা,  
তারা ই সঙ্গে জীবনরণে পড়ছে জোয়ার-ভাঁটা ॥  
তিরিশ বছর, অনেকখানি, ভাবলে তিনটি যুগ,  
বয়েস ভারে বাড়ছে শুধু নানান্ রোগের হুজুক ॥





Anjali

Indian Spice Magic  
  
AJANTA®

Kojimachi

**South Indian Fare & Tandoori Dishes**  
By Subway Yurakucho Line Kojimachi Stn. Bancho Exit  
Open Daily 24 Hours  
Tel 03-3264-6955



 **SONALI®**

SONALI SYSTEMS®

1-41-8 NAKADAI, ITABASHI-KU, TOKYO - 174-0064, JAPAN.

Tel. #: (03) 5920-7570/5920-7571; Fax#: (03) 5920-7572

Email: [sonalissystems@b.d.wakwak.com](mailto:sonalissystems@b.d.wakwak.com)

*MAA DURGAR SUBHO AGOMONE SOBAIKE JANAI ONEK SUBHECHCHA*

We deal finest quality of 300 varieties of Indian groceries & food items under most competitive prices, such as Pulses/Dals, Spices & Masalas, Cereal & Cereal products like Atta, Rice etc., Nuts, Processed & Ready-to-eat food items, Pickle/Chutneys etc. and deal wholesale & retail sell both to Restaurants, Food industries, and Retail customers. For our detail 'Products' and 'Price List' please contact.

We are in business for 22 years in Japan and this has happened due to our superiority in quality. We produce & process most of our products (in India) and import direct, for our marketing & distribution in Japan. We also import several items from other 6 countries. Your enquiry is most welcome.

*Durga Puja 2003*  
*Tokyo*



35



Anjali

# INTRODUCING

FIRST TIME IN JAPAN

# INDIAN PANEER AMUL

Supplier of All Leading Indian Restaurants

FOR ENQUIRIES CONTACT




Tel.No 03-3891-5548 Fax.No 03-3891-5572

[www.AmbikaJapan.com](http://www.AmbikaJapan.com) e-mail: [info@ambikajapan.com](mailto:info@ambikajapan.com)

Durga Puja 2003  
Tokyo





## Hindi Section

### पाँच सखी मिली .....

विमलेन्दु पाण्डेय

हरि अनन्त हरि कथा अनन्ता , जीवन यात्रा अनन्त है। हमे नही मालूम कि ब्रम्हाण्ड की हमारी परिमित कल्पना के सात खरब अरब हज़ारवें तारे के किस छोर पर हम इस समय हैं। हमारी यात्रा कहाँ सम्पूर्ण होगी , इसका आभास नही है। मानव शरीर रुपी इस यात्रा के एक छोटे से भाग मे समय का एक आयाम तो गुज़र रहा है लेकिन हम बढ़ रहें हैं या नहीं, यह मालूम नहीं । फिलहाल इस यात्रा मे स्थूल रुप से पाँच सखियाँ ही हर पल हमारे साथ हैं।

**पाँच सखी मिली करें रसोई जीमे मुनि और ज्ञानी।**


इन साखियों की पाक कला भी बहुत विशिष्ट है। मुनि और ज्ञानी तो इनके बनाये भोजन से तत्व ग्रहण कर समूल पचा लेते हैं और अपनी यात्रा में निरन्तर आगे निकल जाते हैं, लेकिन हम जैसे साधारण जन तो सखियों के बनाये भोजन मे इतना उलझ जाते हैं कि तत्व तक पहुंचने से पहले ही उसके रसोई के कचरे मे ही आनन्द विभोर हो उठते हैं, अपनी उपलब्धि मान बैठते हैं।

दरअसल! यह कचरा एक निरन्तर प्रक्रिया है, जो तत्व के साथ सह उत्पाद के रुप मे निकलता रहता है। कचरे रुपी मनोविकारों के निराकरण के लिए ऋषि और मनीषियों ने मानव दिनचर्या मे कुछ प्रावधान किये हैं और एक व्यवस्था बनाई है आत्म शुद्धि के लिए। दैनिक आधार पर त्रिकाल संध्या और वंदन तथा वार्षिक और षण्मासिक आधार पर नवरात्र का विधान किया है।

शारदीय और चैत्र नवरात्र, ऋतु संक्रांति काल के दौरान उस समय आते हैं जब शरीर के रसों मे ऋतु अनुकूल परिवर्तन शुरू होता है। यही अवसर होता है दोष के परिमार्जन का। कम से कम वर्ष मे दो बार मनोविकारों को त्यागने और मन को परिमार्जित करने का अवसर मिलता है। यह प्रक्रिया निरन्तर चलते रहने से पाँच सखियों की रसोई का कचरा स्वतः साफ होता रहता है। ऐसा कहा जाता है कि अभ्यास की एक अवस्था पर पहुंचने पर पाँचों सखियों द्वारा बनाये भोजन मे कचरा नही, तत्व का ही विस्तार मिलता है।

आईए! शारदीय नवरात्र के अवसर पर साल भर से जमा वार्षिक कचरे को ध्यान और ज्ञान की आभा से भस्मसात करने का प्रयास करे और इसके लिए , हे माँ ! हमे इतनी शक्ति प्रदान करो कि हम ब्रम्हाण्ड के उस छोर पर आप तक पहुंच सके ।





## प्रसादजी का एक और संदेश

श्याम माहेश्वरी

पाठकों को यह याद होगा कि पिछले साल पूजा के समय जब दुर्गा प्रसाद जी ने हमें समझाया था कि यदि हम सभी अपने निजि स्तर पर केवल एक बालक को शिक्षित करने में योगदान दें तो हमारे भारत की आने वाली सम्पूर्ण पीढ़ी शिक्षित होगी और यह देश की उन्नति में एक महत्वपूर्ण कदम होगा।


इस पूजा के अवसर पर हमें फिर से प्रसादजी के दर्शन हुए। हाल—जवाब के बाद, बात फिर से देश—विकास पर आ रुकी। हमने पूछा 'प्रसादजी, आजकल आप क्या कर रहे हैं?' प्रसादजी ने बताया कि आजकल वे बड़े—बड़े शहरों से लेकर छोटे—छोटे कसबों में अस्पताल एवं स्वास्थ्य केंद्र खोलने में सहयोग दे रहे हैं।

हमने पूछा, भई ये आप मास्टर से डॉक्टर कैसे बन गए? प्रसादजी ने कहा—आपको पता है कि ५५ साल की आर्थिक प्रगति के बाद भी हमारा देश क्यों विकसित नहीं है? पता है आपको कि सन् १९६४ में भारत, सिंगापुर, दक्षिण कोरिया एवं चीन की औसत आमदनी लगभग एक समान थी—किंतु आज, ४० बरसों के बाद, सिंगापुर की आय हमारी आय से ५० गुना, दक्षिण कोरिया की २० गुना एवं चीन की २ गुना है। पता है आपको इसका कारण? इसका कारण है कि हमारी आबादी हमारी आमदनी से तेज़ी से बढ़ रही थी, और ऐसा इसलिए हुआ क्योंकि हमारी स्वास्थ्य प्रणाली बहुत ही नाजुक स्थिति में थी। शिशुओं के अत्यधिक मृत्युदर होने के कारण प्रत्येक परिवार ज्यादा से ज्यादा शिशु चाहता था ताकि बीमारी एवं भुखमरी की चपेट से कम से कम कुछ तो बचेंगे और आगे चलकर परिवार—चालन कर सकेंगे। किंतु इसका असर हुआ कि ज्यादा बच्चे होने से सीमित आमदनी ज्यादा भागों में बंटने लगी और एक भी शिशु भली—भांति पढ़ न सका, न ही उसका पालन—पोषण ठीक से हो पाया! अर्थात् हमारी बात का सारांश यह है कि अगर हमारी स्वास्थ्य प्रणाली मजबूत होती तो न प्रत्येक परिवार ज्यादा शिशु चाहता, न ही ज्यादा शिशुओं के होने से पालन—पोषण में कोई कमी रहती और न ही हमारी औसत आमदनी इतनी कम होती।

इतनी जटिल और गम्भीर बात केवल प्रसादजी ही इतनी सरलता से समझा सकते हैं। हमने उसी समय यह निर्णय लिया कि न केवल हम बल्कि हमारे सारे मित्रगण मिलकर अपने—अपने प्रांतों, जिले एवं कसबों में अस्पतालों एवं स्वास्थ्य केंद्रों को और भी प्रभावकारी बनाने में मदद करेंगे।

पाठकगण अगर आप लोग भी इस नेक काम में प्रसादजी का साथ दें तो बहुत जल्द ही हमारा देश भी विकसित देशों में गिना जाएगा। इस पूजा के अवसर पर इससे बड़ा और क्या संकल्प हो सकता है!





Anjali

## ज़िन्दगी एक फर्ज़

शौविक बनर्जी

कवियों ने ज़िन्दगी को अनेक नज़रों से देखा है,  
किसी ने सफर बना के इसके पहलुओं को परखा है,  
तो किसी ने तिलोत्तमा की आंखों में झांका है ....

किसी का मनोभाव उदास  
उसे पूर्णिमा की चांद को देख  
महसूस होता है उजाले का अभाव ,  
और दूसरा वह हंसने को राजी  
जो आंसुओं को अमृत की भाँति पी जाता है  
और समझता है कि जल प्रपात में नहा रहा हो।

और शायद तीसरा वह जो सिर्फ पथिक का फर्ज़ निभाता है ,  
जिसे न आंधी छू पाती है और न ही सावन भाता है ,  
बेजान आंखों से जो केवल रेतीले मृगमरिचिका को देखता है ।

ज़िन्दगी के चौराहे पर खड़ा आज मैं  
कभी आगे की सोचता हूँ , तो कभी पीछे की  
कभी सड़क के बीच पड़े चौखट में खड़े होकर  
दूसरों को राह दिखाता हूँ ,  
और अगले क्षण ....

पोल पर चिपके गली का नाम पढ़कर सोचता हूँ  
क्या उम्र का यही तकाज़ा है  
कि मैं बीच सफर में ही अंधी गली में आ पड़ा हूँ ....  
फिर भी उदासी और उम्मीदों को साथ लेकर  
पथ को प्रशस्त करने का फर्ज़ है ,  
कुछ अपने लिए , कुछ अपनों के लिए.....

Sincere Thanks to

***Taj Indian Restaurant***

*From Tokyo Bengali Community*

On the occasion of 2003 Durga Puja

Durga Puja 2003  
Tokyo





*Anjali*

*Best Wishes*

*and*

*Heartiest Greetings*

*from*

# Apamex Limited

9F Eisho Takanawadai Bldg,  
2-11-8 Shiroganedai,  
Minato-Ku, Tokyo 108-0071,  
JAPAN

Tel: 03-3280-5901  
Fax: 03-3280-5907  
URL: <http://www.apamexjpn.com>  
Email: [info@apamexjpn.com](mailto:info@apamexjpn.com)

## *Our Lines of Business:*

- a) Export `CASIO` products and other name brand consumer electronics*
- b) IT Consulting and software development services in Japan.*

*Durga Puja 2003  
Tokyo*



40